NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী






৪ প্রাচীন ভারতীয় সংস্কৃতির প্রাথমিকতা ছিল পরিবেশ রক্ষা

রাজকীয় সংবর্ধনা বিরাটদের ৮

কলকাতা ৫ জুন ২০২৫ ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ বৃহস্পতিবার অষ্টাদশ বর্ষ ৩৫৩ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 5.6.2025, Vol.18, Issue No. 353 8 Pages, Price 3.00

# ভিতরে উল্লাস, বাইরে হাহাকার

## কোহলিদের কাপ জয়ের উৎসবে পদপিষ্ট হয়ে মৃত ১১, আহত কমপক্ষে ৫০

**বেঙ্গালুরু, ৪ জুন:** বিজয়োৎসব মুহূর্তে বদলে গেল বিষাদে। ১৮ বছর পর প্রথমবার আইপিএল ট্রফি এসেছে ঘরে। রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর জয়ের পরই ঘরে আয়োজন করা হয়েছিল বিজয় উৎসবের। বেঙ্গালুরুতে আরসিবির বিজয় মিছিলে অংশ নিতে গিয়েই পদপিষ্ট হয়ে মৃত্যু হল কমপক্ষে ১১ জনের। আহত আরও ৫০ জন। ২৭ জনের অবস্থা আশঙ্কাজনক। হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলেই আশঙ্কা করা হচ্ছে। মঙ্গলবার আইপিএল জেতার পর বুধবার বেঙ্গালুরুতে উৎসবের কথা আগেই জানিয়েছিলেন বিরাট কোহলি। বুধবার কোহলিদের চার্টার্ড বিমান বেঙ্গালুরুতে নামার আগে থেকেই বিমানবন্দরের বাইরে ভিড় জমতে শুরু করে। যত সময় গড়ায় তত ভিড় বাড়তে থাকে। বিকালে চিন্নাস্বামী স্টেডিয়ামে ট্রফি নিয়ে উল্লাসের কথা ছিল কোহলিদের। তার অনেক আগে থেকেই চিন্নাস্বামীর বাইরে ভিড় জমান হাজার হাজার দর্শক। সকলে স্টেডিয়ামের ভিতরে ঢুকতে পারেননি। যাঁরা পাস পান তাঁরাই ভিতরে ঢোকেন। বাইরে হাজার হাজার মানুষ। তাঁরা ভিতরে ঢোকার চেষ্টা করেন। তাতে হুড়োহুড়ি পড়ে যায়। পরিস্থিতি সামাতে হিমশিম খেতে হয় পুলিশকে। বাধ্য হয়ে লাঠিচার্জ করে পুলিশ। তাতেই এই দুর্ঘটনা বলে জানা গিয়েছে।

বিশৃঙ্খলার ঘটনা স্বীকার করে নিয়েছেন কর্নাটকের উপমুখ্যমন্ত্রী ডিকে শিবকুমার। তিনি বলেন, 'কত জন হতাহত হয়েছে তা এখনই বলতে পারব না। আমি স্টেডিয়ামে যাচ্ছি। আমরা ভিড় সামলাতে পারিনি। পরিস্থিতি মোকাবিলার জন্য ৫০০০ নিরাপত্তারক্ষী ছিল। তার পরেও পরিস্থিতি সামলানো যায়নি। তার জন্য ক্ষমা চাইছি।' বুধবার বিকেলে বেঙ্গালুরুর চিন্নাস্বামী স্টেডিয়াম চত্বরের এই ঘটনায় শোকপ্রকাশ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি জানিয়েছেন,

'বেঙ্গালুরুর দুর্ঘটনা অত্যন্ত হৃদয়বিদারক। এই শোকের আবহে স্বজনহারাদের পাশে আছি আমি। আহতদের দ্রুত আরোগ্য কামনা করি।'
**প্রধানমন্ত্রী**



বেঙ্গালুরুর দুর্ঘটনা অত্যন্ত হৃদয়বিদারক। স্বজনহারাদের পাশে থাকার আশ্বাসও দিয়েছেন মোদী। উল্লেখ্য, এই দুর্ঘটনাকে কেন্দ্র করে ইতিমধ্যে রাজনৈতিক তরজা শুরু হয়েছে। কর্নাটকের রাজ্য সরকারকে দোষী করছেন অনেকে। তারাও অবশ্য বলছে, ৫ হাজার পুলিশের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু ভিড় নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয়েছে সরকার। কর্নাটকের উপমুখ্যমন্ত্রী ডিকে শিবকুমার নিজেই বলেছেন, ৫ হাজার পুলিশ মোতায়েন ছিল। কেন ভিড় সামলাতে পারল না তারা, এই প্রশ্নের উত্তরে তিনি বলেন, 'সব ইয়ং ছেলেমেয়ে। তাদের উপরে আমরা লাঠিচার্জ করতে পারি না।' বাইরে যখন একের পর এক সমর্থক মৃত্যুর মুখে ঢলে পড়ছেন, স্বজনহারাদের কান্নায় চারিদিক আলোড়িত, তখনও স্টেডিয়ামের ভিতরে চলল বিজয়োল্লাস। একের পর এক সমর্থকদের যখন হাসপাতালে নিয়ে ছুটছে পুলিশ, গ্যালারিজুড়ে তখন ভিকট্রি ল্যাপ করলেন বিরাট কোহলিরা। অথচ এই আনন্দে শামিল হতে গিয়ে যাঁদের প্রাণ গেল, যাঁরা আহত হয়ে হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন, তাঁদের জন্য একটি শব্দও খরচ করল না আরসিবি কর্তৃপক্ষ! বুধবার বেঙ্গালুরুতে ঘটে যাওয়া দুর্ঘটনার দায় কার, তা নিয়ে রাজনৈতিক চাপানউতোর শুরু হয়েছে। রাজনীতির মধ্যে ঢুকতে চায়নি বিসিসিআই এবং আইপিএল কর্তৃপক্ষ। দুর্ঘটনার খবর গোটা দেশে ছড়িয়ে পড়ার পরও কেন স্টেডিয়ামের ভিতর অনুষ্ঠান চালিয়ে যাওয়া হয়, তা নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে। এ প্রসঙ্গে বেঙ্গালুরু কর্তৃপক্ষের পাশেই দাঁড়িয়েছেন বোর্ড কর্তারা। আইপিএল চেয়ারম্যান অরুণ ধুমল বলেছেন, 'অত্যন্ত দুঃখজনক। স্টেডিয়ামের বাইরের ঘটনা সম্পর্কে আরসিবি কর্তৃপক্ষ কিছু জানতেন না। তাঁরা জানার পরই অনুষ্ঠান ছোট করে দেওয়ার সিদ্ধান্ত নেন। আমরাও বিজয় উৎসব বন্ধ করে দেওয়ার জন্য অনুরোধ করি। কর্নাটক সরকারের কাছে পরিস্থিতি সম্পর্কে খবর ছিল কিনা, বলতে পারব না।'

বিসিসিআই সহ-সভাপতি রাজীব শুক্লার বক্তব্য, 'মর্মান্তিক। ঠিক কী কারণে এমন ঘটল, তা আমাদের পক্ষে বলা সম্ভব নয়। আমরা কাউকে দোষারোপ করতে চাই না। কর্নাটক ক্রিকেট সংস্থার কাছ থেকে রিপোর্ট পাওয়ার পর বোঝা যাবে।'

## অনুপ্রবেশ রুখতে গিয়ে আক্রান্ত বিএসএফ জওয়ান

**নিজস্ব প্রতিবেদন:** বাংলাদেশি অনুপ্রবেশ রুখতে গিয়ে বেধড়ক মার খেলেন বিএসএফ জওয়ান। যদিও দাবি করা হচ্ছে, গবাদি পশুর পিছনে ধাওয়া করতে গিয়ে জিরো লাইন অতিক্রম করে বাংলাদেশে ঢুকে পড়েছিলেন বিএসএফ জওয়ান। এমনটাই দাবি সীমান্তপারের বাসিন্দাদের। আর তারপরেই তাঁকে ধরে কলাগাছে বেঁধে মারধর করে স্থানীয় জনতা;ভিডিয়ো ঘুরছে সামাজিক মাধ্যমে। পরে তাঁকে বিজিবির হাতে তুলে দেওয়া হয়। তবে বিএসএফের পাল্টা দাবি, অনুপ্রবেশ রুখতে গিয়েই এই ঘটনা।

বিএসএফের দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের জনসংযোগ আধিকারিক এন কে পান্ডে বলেন, 'একজন বিএসএফ জওয়ানকে অপহরণ করে নিয়ে যাওয়া হয়েছিল। পরে ফ্ল্যাগ মিটিংয়ের মাধ্যমে তাঁকে ফিরিয়ে আনা হয়েছে। ভাইরাল ভিডিয়োটি আমরা পরীক্ষা করে দেখছি।'

জানা গিয়েছে, বুধবার সকাল সাড়ে ৭টা নাগাদ বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার নারায়ণপুর ইউনিয়নের সাত রশিয়া গ্রামে ঢুকে পড়েন দুই বিএসএফ সদস্য। স্থানীয়দের অভিযোগ, তাঁরা একটি ছাগলের পিছনে ধাওয়া করছিলেন এবং একজন বাংলাদেশিকে তুলে নিয়ে যাওয়ার চেষ্টাও করেন। ঠিক তখনই গ্রামবাসীরা জওয়ানদের ঘিরে ফেলেন। একজন পালিয়ে গেলেও অন্যজন ধরা পড়েন। তাঁকে বেঁধে মারধর করা হয় বলে অভিযোগ।

বিএসএফ জওয়ানের নাম শ্রী গণেশ। তিনি মালদহ জেলার নুরপুরের ৭১ নম্বর বিএসএফ ব্যাটেলিয়নের সদস্য। ঘটনার পর স্থানীয় বাসিন্দারা তাঁকে গাছে বেঁধে রেখে বেধড়ক মারধর করেন বলে অভিযোগ। একটি ভিডিয়োতে দেখা যাচ্ছে, জনতা তাঁকে ঘিরে রেখেছে, কেউ হুমকি দিচ্ছে, আবার শ্রী গণেশও কিছু বলতে চেষ্টা করছেন। ওই ভিডিয়োর সত্যতা এখনও যাচাই হয়নি।

এ প্রসঙ্গে চাঁপাইনবাবগঞ্জ ৫৩ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল ফাহাদ মাহমুদ রিংকু জানান, বিএসএফ সদস্য আটক হওয়ার ঘটনা সত্যি। নারায়ণপুর ইউনিয়নের ইউপি সদস্য বেনজির আলী এবং চেয়ারম্যান মহম্মদ নাজির হোসেনও বিষয়টি নিশ্চিত করেন। তাঁদের মতে, সাত রশিয়া গ্রামের কাছাকাছিই সীমান্তের জিরো লাইন, সেখানে প্রায়ই বাংলাদেশি গবাদি পশু ঘাস খেতে যায়। গবাদি পশু ধরতে গিয়েই বিএসএফ জওয়ানরা সীমান্ত অতিক্রম করে ফেলেন।

## দুর্নীতির দায়ে ইন্দ্রনীলকে বরখাস্তের দাবি শুভেন্দুর

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যের পর্যটন দপ্তরে ভয়ঙ্কর দুর্নীতির অভিযোগ তুলে বিস্ফোরক অভিযোগ করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর অভিযোগ, রাজ্যের পর্যটন প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন এবং তাঁর ওএসডি স্বরূপ মল্লিক মিলেমিশে এই-টেন্ডার প্রক্রিয়ায় কারচুপি করে কয়েকটি নির্দিষ্ট সংস্থাকে সুবিধা পাইয়ে দিচ্ছেন।এই দুর্নীতির পর্দাফাঁস করেছেন পর্যটন দপ্তরেরই প্রোজেক্ট অফিসার শুভব্রত প্রামাণিক। শুভেন্দু অধিকারীর বক্তব্য অনুযায়ী, 'এই সাহসী হুইসলব্লোয়ারের দাবি অনুযায়ী, ইন্দ্রনীল সেন এবং তাঁর ঘনিষ্ঠ স্বরূপ মল্লিক 'থার্ড লাইন ক্রিয়েশন', 'জেনেসিস অ্যাডভার্টাইজিং লিমিটেড', 'গিডি ক্রিয়েশন' এবং 'ক্রেয়ন্স'-এর মতো সংস্থাগুলিকে বেআইনি সুবিধা দিয়ে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেছেন। এই সব সংস্থার সঙ্গে যুক্ত ধ্রুবজ্যোতি বসু (শুভ) এবং অরিজিৎ নামে কয়েকজনের নামও উঠে এসেছে।' শুভেন্দু অধিকারী আরও বলেন, 'রেড রোড কার্নিভাল, কলকাতা বইমেলা-সহ একাধিক অনুষ্ঠানের টেন্ডারে কারচুপি করে এই দুর্নীতির পাহাড় গড়ে তোলা হয়েছে। যারা প্রতিবাদ করেছেন, তাঁরা হুমকি এবং চাপের মুখে পড়েছেন। সৎ আধিকারিকদের মুখ বন্ধ রাখতে বাধ্য করা হয়েছে।' এই পরিস্থিতিতে রাজ্যের রাজ্যপালের হস্তক্ষেপ দাবি করে



শুভেন্দু অধিকারী বলেন, 'আমি মাননীয় রাজ্যপাল মহোদয়কে অনুরোধ জানাচ্ছি, অবিলম্বে ইন্দ্রনীল সেনকে মন্ত্রীপদ থেকে বরখাস্ত করুন এবং সুষ্ঠু তদন্তের পথ খুলে দিন। বাংলার মানুষ স্বচ্ছতা ও জবাবদিহি চায়, দুর্নীতি আর ভয় দেখানোর উপর দাঁড়ানো সরকার নয়।' এর পাশাপাশি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেও সরাসরি চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছেন বিরোধী দলনেতা। তাঁর কথায়, 'আপনি যদি সত্যিই সৎ প্রশাসনের পক্ষপাতী হন, তাহলে এই দুর্নীতির তদন্ত সিবিআইয়ের হাতে তুলে দিন। মুখ্যমন্ত্রীর নীরবতা কিংবা নিষ্ক্রিয়তা বাংলাকে সেই সন্দেহেই পৌঁছে দেবে যে, তাঁর প্রশাসনের ভিতরেই দুর্নীতির শিকড় অনেক গভীরে প্রোথিত।'

## জ্যোতি-পাকে ধৃত আর এক ইউটিউবার

**মোহালি, ৪ জুন:** পাক গুপ্তচরবৃত্তির জন্য জ্যোতি মালহোত্রার পরে আরও এক ইউটিউবার ধরা পড়লেন পুলিশের জালে। পাকিস্তানের হয়ে গুপ্তচরবৃত্তি করার অভিযোগে গ্রেপ্তার হলেন পঞ্জাবের যুবক জসবীর সিং। নির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বুধবার মোহালির 'স্টেট স্পেশ্যাল অপারেশন সেল' তাঁকে গ্রেপ্তার করে। ডিএসপি পবন শর্মা সিং জানিয়েছেন, আপাতত ধৃত ইউটিউবারকে তিনদিনের জন্য পুলিশি হেপাজতে রাখা হবে।

উল্লেখ্য , ধৃত ইউটিউবার জসবীর সিংয়ের এগারো লক্ষ সাবস্ক্রাইবার-সহ 'জনমহল' নামে একটি ইউটিউব চ্যানেল আছে। তিনিও সম্প্রতি পাক গুপ্তচরবৃত্তির অভিযোগে ধৃত হরিয়ানার ইউটিউবার জ্যোতি মালহোত্রার সঙ্গেও ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রেখে চলতেন বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। পঞ্জাব পুলিশের মতে, সন্ত্রাস-সমর্থিত গুপ্তচর চক্রের সঙ্গে যোগ ছিল জসবীরের। তবে জ্যোতির সঙ্গে কী ভাবে আলাপ হল জসবীরের, তা এখনও স্পষ্ট নয়। গোয়েন্দা সূত্রে খবর, জ্যোতির মামলার তদন্তেই উঠে আসে জসবীরের নাম। এখনও পর্যন্ত পুলিশ যা যা তথ্য পেয়েছে, তা থেকে স্পষ্ট, পাকিস্তানের যাদের সঙ্গে জ্যোতি যোগাযোগ রেখেছিলেন, তাঁদের অনেকের সঙ্গেই



কথা হত জসবীরেরও!

গত ৭ মে অপারেশন সিঁদুরের পর পাকিস্তানের হয়ে গুপ্তচরবৃত্তি করা ভারতের গদ্দারদের পাকড়াও করতে কোমর বেঁধে নামেন দেশের গোয়েন্দারা। গ্রেপ্তার করা হয় জ্যোতি মালহোত্রা ও তাঁর সাঙ্গপাঙ্গদের। সেই সূত্র ধরেই এই গ্রেপ্তারি বলে জানা যাচ্ছে। জানা যাচ্ছে, পঞ্জাবের মোহালির স্পেশাল অপারেশন সেল রূপনগর জেলার মোহলান গ্রাম থেকে গ্রেপ্তার করা হয়। পঞ্জাবের ডিজিপি গৌরব যাদব বলেন, জনমহল নামে একটি ইউটিউব চ্যানেল ছিল অভিযুক্তের। যার সাবস্ক্রাইবার ছিল এক মিলিয়নের বেশি।

তদন্তকারীদের তরফে জানা গিয়েছে, জসবীর পাকিস্তানি গুপ্তচর শাকির ওরফে জঠ রান্ধাবার সঙ্গে যোগাযোগ রেখে চলত। তদন্তকারীদের দাবি, পাক দূতাবাসের আধিকারিক দানিশের সঙ্গেও সম্পর্ক ছিল অভিযুক্তের। এই দানিশকে ইতিমধ্যেই দেশছাড়া করেছে ভারত সরকার। দানিশের আমন্ত্রণে পাকিস্তানের জাতীয় দিবসের অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন জসবীর।

সেখানে পাক সেনা ও আইএসআই-এর শীর্ষ আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎ করেন জসবীর।

## নতুন ভোটদান পদ্ধতি

**নয়াদিল্লি, ৪ জুন:** ভুয়ো ভোটার নিয়ে বিতর্কের অন্ত নেই। নির্বাচনের আগে পরে উঠছে অভিযোগ। নড়েচড়ে বসেছে সব মহলই। এবার লাগাতার অভিযোগের প্রেক্ষিতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ জাতীয় নির্বাচন কমিশনের। সূত্রের খবর, এবার থেকে নির্বাচন চলাকালীন রিয়েল টাইম ভোটদানের হার প্রকাশ করবে কমিশন। পুরো প্রক্রিয়াই হবে প্রযুক্তি নির্ভর। সমস্যার সমাধানে পদক্ষেপ জাতীয় নির্বাচন কমিশনের। এবার থেকে নির্বাচন চলাকালীন জানা যাবে 'রিয়েল টাইম' ভোটদানের হার। পুরো কাজটি হবে একটি অ্যাপের সাহায্যে। যার নিয়ন্ত্রণ থাকবে প্রিসাইডিং অফিসারের হাতে।

## শুরু জনগণনা

**নয়াদিল্লি, ৪ জুন:** ২০২৭ সালে শুরু হচ্ছে জনগণনা। সে বছরের ১ মার্চ থেকে দেশজুড়ে শুরু হবে এই প্রক্রিয়া। তবে লাদাখ, জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডের হিমালয় ঘেরা কেন্দ্রশাসিত অঞ্চল ও রাজ্যের বিস্তীর্ণ এলাকা সে সময় তুষারাবৃত থাকবে। তাই ওই এলাকাগুলিতে ২০২৬-এর অক্টোবর থেকে শুরু হবে জনগণনা ।

# এসএসসি: এবার পথে দৃষ্টিহীন ও বিশেষভাবে সক্ষম শিক্ষকেরাও

**নিজস্ব প্রতিবেদন:** নিয়োগে দুর্নীতির অভিযোগে স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের সম্পূর্ণ প্যানেল-ই বাতিল করেছে শীর্ষ আদালত। শীর্ষ আদালতের এই নির্দেশে চাকরি হারিয়ে একেবারে রাস্তায় প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মী। তবে এরই মাঝে রয়েছে ব্যতিক্রম। মানবিকতার খাতিরে ক্যান্সারে আক্রান্ত সোমা দাসের চাকরি বহাল রাখার নির্দেশ দেয় আদালত। সোমা দাসের চাকরি বহাল থাকার নির্দেশ পাওয়ার পর এবার পথে দৃষ্টিহীন ও বিশেষভাবে সক্ষম চাকরিহারা শিক্ষকেরাও। তাঁদের প্রশ্ন, সোমার ক্ষেত্রে আদালত মানবিক হলে তাঁদের ক্ষেত্রে নয় কেন?

এদিকে তথ্য বলছে, ২০১৬ প্যানেল বাতিল হওয়ার জেরে ৭০ জনেরও বেশি চাকরি হারিয়েছেন দৃষ্টিহীন ও বিশেষভাবে সক্ষম শিক্ষক। এই প্রসঙ্গে অল বেঙ্গল ব্লাইন্ড টিচার্স অ্যাসোসিয়েশনের এর সভাপতি তাপস রায় দাবি করেন, 'শীর্ষ আদালতের যে নির্দেশে ২০১৬-এর প্যানেল বাতিল হয়েছে তার মধ্যে সোমা দাসকে যেখানে ব্যতিক্রমী হিসেবে দেখানো হয়েছে সেখানে আমাদের দৃষ্টিহীন ৭০জনকে একই ভাবে মানবিক দিক থেকে দেখুক।' পাশাপাশি তাঁরা এও জানান, এ ব্যাপারে রাজ্যের মুখ্যমন্ত্রী, রাজ্যপাল, এসএসসির চেয়ারম্যানের পাশাপাশি শিক্ষাসচিবকেও চিঠি দিচ্ছেন তাঁরা। সঙ্গে এও জানান, ফের নিজেদের দাবির কথা রাজ্যের শিক্ষাসচিবকে তাঁরা জানাবেন। সমস্যা সমাধানে রাজ্য পদক্ষেপ না করলে বাধ্য হবেন বৃহত্তর আন্দোলন সংগঠিত করতে।






এই একই সুরের অনুরণন চাকরিহারা দৃষ্টিহীন শিক্ষকদের গলাতেও। পাশাপাশি তাঁরা এও জানান, অন্য পাঁচজন সাধারণ পরীক্ষার্থীর মতো দৃষ্টিহীনরা পরীক্ষা দিতে পারেন না। তাঁদের পরীক্ষা দিতে গেলে একজন রাইটারের প্রয়োজন হয়। ফলে ফের পরীক্ষায় বসা তাদের পক্ষে সম্ভব নয়। তাই তাঁদের চাকরিতে বহাল রাখার বিষয়টি মানবিক দিক থেকে দেখা উচিত।

প্রসঙ্গত, গোটা প্যানেল বাতিল করার পাশাপাশি ডিসেম্বরের মধ্যে নিয়োগপ্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশ দিয়েছে আদালত। আদেশ মেনে ইতিমধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে রাজ্য। সেখানে চাকরিহারা শিক্ষকদের বয়স ও অভিজ্ঞতার নিরিখে বাড়তি সুবিধের কথাও উল্লেখ করা হয়েছে। কিন্তু দৃষ্টিহীন চাকরিহারা শিক্ষকদের জন্য সরকারের তরফে আলাদা করে কোনও কিছুর উল্লেখ করা হয়নি।

Ministry of Ports, Shipping and Waterways, Government of India

SMP
শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা
SYAMA PRASAD MOOKERJEE PORT, KOLKATA
Formerly Kolkata Port Trust



পণ্য ওঠানো-নামানোর সাথে আমরা এগোচ্ছি আরো দূষণমুক্ত, আরো সবুজ আগামীর পথে।

বিশ্ব পরিবেশ দিবসে, যথাযথ ও বাস্তব উদ্যোগের মাধ্যমে পরিবেশবান্ধব পোর্ট পরিচালনার প্রতি আমাদের অঙ্গীকার আমরা আবারও সুস্পষ্টভাবে জানাচ্ছি।

আমাদের পরিবেশবান্ধব পদক্ষেপ

| | |
|---|---|
| **সৌর শক্তি**<br>কে ডি এস এবং এইচ ডি সি-তে রুফটপ এবং গ্রাউন্ড-মাউন্টেড সোলার প্ল্যান্ট | **শক্তি সাশ্রয়**<br>৫৩টি হাই-মাস্ট লাইট বদলে লাগানো হয়েছে এল ই ডি |
| **দূষণমুক্ত পরিবহন**<br>ইলেকট্রিক ও সি এন জি চালিত পোর্ট যানবাহনে রূপান্তর | **পরিবেশবান্ধব জ্বালানি**<br>হরিত সাগর নীতির অধীনে এল এন জি, বায়োগ্যাস ও হাইড্রোজেন প্রকল্প |
| **ডিজিটাল পোর্ট**<br>১০০% পেপারলেস আমদানি ও রপ্তানির ডকুমেন্টেশন | **ইকো-লজিস্টিক্স**<br>রেল ও জলপথে পণ্য পরিবহনে ৫,৬০০+ টন $CO_2$ হ্রাস |
| **বৃক্ষরোপণ**<br>'এক পেড মা কে নাম' ও 'অ্যাডপ্ট-আ-ট্রি' কর্মসূচি | **বর্জ্য থেকে শিল্পকর্ম**<br>রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে বর্জ্য থেকে ভাস্কর্য নির্মাণ |
| **রিভারফ্রন্ট পুনরুজ্জীবন**<br>সবুজ করিডর ও ঐতিহ্য সংরক্ষণ | **ইকো-ট্যুরিজম**<br>আধুনিক ক্রুজ টার্মিনাল ও ফ্লোটিং রেস্টুরেন্ট নির্মাণের কাজ এগোচ্ছে |

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা
SYAMA PRASAD MOOKERJEE PORT, KOLKATA
https://smp.smportkolkata.in Follow Us:

# শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## নাম-পদবী

গত ০৩/০৬/২০২৫ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৭৯১৫ নং এফিডেভিট বলে আমি Sk. Nasiruddin ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Sk. Joynal Abedin ও Sk. J. Uddin সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ০৩/০৬/২০২৫ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৭৯১৪ নং এফিডেভিট বলে Suma Biswas (Mondal) W/o. Gopal Chandra Mondal ও Suma Mondal W/o. G. Ch. Mondal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ০৩/০৬/২০২৫ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৭৯১০ নং এফিডেভিট বলে আমি Amit Goswami ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Debi Prasad Goswami ও Debi Prosad Goswami, S. P. Goswami সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## বিজ্ঞপ্তি

**In the Court of Ld. Civil Judge (Jr. Divn.), Ghatal (District Deligate) Paschim Medinipur**

**J. Misc Case No- 12 of 2025**

**দরখাস্তকারিনী- আল্পনা দত্ত**

**-বনাম-**

**প্রতিপক্ষগণ- রঞ্জনা দত্ত দীং**

**দরখাস্তকারীঃ-** আল্পনা দত্ত, পিতা- স্বর্গীয় অজিত কুমার দত্ত, সাং- কানাইয়া অ্যাপার্টমেন্ট, রবীন্দ্রনগর, পোঃ- মেদিনীপুর, থানা- কোতওয়ালী, জেলা- পশ্চিম মেদিনীপুর।

এতদ্বারা সর্ব্বসাধারনকে জানানো যায় যে, উপরোক্ত দরখাস্তকারীর মাতা ঘাটাল থানার অন্তর্গত কোন্নগর হাল সাং- রবীন্দ্রনগর, মেদিনীপুর এর বাসিন্দা শ্রীমত্যা মীরা রানী দত্ত কর্ত্তৃক দরখাস্তকারিনীর নাম বরাবর ইং- ০৭/১১/২০২৩ তারিখে সম্পাদিত একখন্ড উইল সম্পাদনমতে রেজিষ্ট্রী করিয়া যান। পশ্চাৎ উক্ত মীরা রানী দত্ত গত ইংরাজী- ২৯/১২/২০২৩ তারিখে পরলোকগমন করিয়াছেন। উক্ত উইলটি দরখাস্তকারিনী Executor হিসাবে Probate পাইবার জন্য হুজুরাদালতে দরখাস্ত করিয়াছেন। ইহাতে কাহারো কোন আপত্তি থাকিলে আগামী ইংরাজী- ১৯/০৬/২০২৫ তারিখে উপরোক্ত আদালতে উপস্থিত হইয়া স্বয়ং অথবা উকিলবাবুর মাধ্যমে আপত্তি দাখিল করিবেন। অন্যথায় আইন মোতাবেক কার্য্য করা হইবে।

অদ্য ইংরাজী- ০৩/০৬/২৫ তারিখে আমার স্বাক্ষর ও আদালতের মোহরযুক্ত মতে দেওয়া গেল।

**অনুমত্যানুসারে**
**সঞ্জয় রায়**
**সেরেস্তাদার**
**সিভিল জজ (জুনিয়ার ডিভিশান)**
**ঘাটাল আদালত, ০৩/০৬/২৫**

## নাম-পদবী

গত ০৩/০৬/২০২৫ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৭৯০৬ নং এফিডেভিট বলে Susanta Adak S/o. Basudeb Adak ও Susanta Kr. Adak S/o. B. Adak সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ১৬/০৪/২০২৫ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৫০৬৭ নং এফিডেভিট বলে আমি Md Jakir Ali Mallick ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Abdul Kader Mallick ও Lt. A. Kader সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## বাড়ি বিক্রি

উলাড়া বুনোকালী তলা মন্দিরের পাশে ( রসুলপুর, থানা-মেমারী, জেলা-পূর্ব বর্ধমান) ০.০৮ একর জমির উপর পাঁচিল ঘেরা পাকা দোতলা বাড়ি বিক্রি আছে। ইচ্ছুক আদিবাসী জাতি/উপজাতি ব্যক্তিগন ৬০ দিনের মধ্যে যোগাযোগ করুন এই নম্বরে - 9474970973,6291790862

আমার মক্কেল 'প্রলয় নস্কর', পিতা ভোলানাথ নস্কর, সাং ও পোষ্ট বিপ্রন্নপাড়া, হাওড়া- ৭১১৪১১। শ্রী কার্ত্তিক নস্কর, পিতা মৃত শরৎ চন্দ্র নস্কর মহাশয়ের পক্ষে আমমোক্তারকারী নিযুক্ত শ্রী মনোজ কুমার গুপ্তা, পিতা সুরেন্দ্র প্রসাদ গুপ্তা মহাশয়ের নিকট হইতে সাব রেজিষ্ট্রী ডি.এস.আর. হাওড়া-২ অফিসে ১৪১৯৮/ ২০২২ নং আমমোক্তারনামা দলিল দ্বারা থানা- ডোমজুড়, মৌজা-বানিয়ারা, জে.এল. নং ২৬, এল.আর. খতিয়ান নং-১৯১০, এল.আর. ৬০১ নং দাগে ৫.৮৩ শতক শালি জমি ডি.এস.আর. হাওড়া-২ অফিসে ০১৮৮৩/ ২০২৫ নং দলিল মূলে ক্রয় করে নাম পত্তনের আবেদন করেন। উক্ত বিষয়ে দাতাগনের বা স্বার্থ সংশ্লিষ্ট কাহারো কোন আপত্তি থাকলে বিজ্ঞপ্তি প্রকাশের ১ মাসের মধ্যে বি.এল. এন্ড এল.আর. ডোমজুড় অফিসে অ্যাপিল করতে পারেন। অন্যথায় আইনানুগ কার্য্য হইবে।

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা জানানো যাইতেছে যে, অমূল্য টিকাদার গত ইং- ২৭.১১.১৯৯৬ তারিখে সম্পাদিত আমমোক্তারনামা দলিল মূলে শ্রীকৃষ্ণনগর মৌজায় জে.এল. নং-২১, আর.এস. ও এল. আর. ৯০১ দাগে ১৪ শতক, আর.এস. ও এল. আর. ৯০৫ দাগ ০৪ শতক এবং গোবিন্দপুর মৌজায় জে.এল. নং- ২০, আর. এস. ৫৯৬ দাগে ২৪ শতক, আর.এস. ২০০ দাগে ১২ শতক, আর.এস. ৫৬৫ দাগে ১৪ শতক, আর.এস. ৬৪০ দাগে ০৩ শতক সম্পত্তি শ্রীমত্যা কালীদাসী কয়াল-এর নিকট হইতে প্রাপ্ত হইয়াছিলেন। উক্ত সম্পত্তি রেকর্ড করাইবার জন্য কাকদ্বীপ বি.এল. এন্ড এল.আর.ও. মহাশয়ের নিকট MN/2025/1626/6143 নং মিউটেশান কেস ফাইল হইয়াছে। ইহাতে কাহারো কোনো প্রকার আপত্তি থাকিলে আগামী ৩০ দিনের মধ্যে উক্ত অফিসে যোগাযোগ করিবেন।

**বিধান পন্ডা**
**এ্যাডভোকেট**
**কাকদ্বীপ কোর্ট, দক্ষিণ ২৪ পরগণা**

## সাধারণ নোটিশ

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে, আমাদের মক্কেল **(শ্রীমতি অলকা দেবী দিদ্বানিয়া)** সংশ্লিষ্ট সকল অংশ সম্পত্তির স্বত্বাধিকারী ফ্ল্যাট নং ৭এ, ৮ম তলে, এবং কর্মী কোয়ার্টার ৮ম তলে, সংশ্লিষ্ট ভবনে নির্মিত প্লট জমি অবস্থিত থানা: কড়েয়া, জেলা : দক্ষিণ ২৪ পরগনা বর্তমানে পরিচিত এবং সংখ্যায়িত পুরসভা প্রেমিসেস নং ১, বালিগঞ্জ পার্ক রোড, পুরসভার ওয়ার্ড নং ৬৫, কলকাতা পৌর সংস্থা অধীন এবং বিক্রি করতে আগ্রহী।
কোনও ব্যক্তির কোনও আপত্তি, দাবি, স্বার্থ ইত্যাদি থাকলে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৭ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানাতে পারেন, পরবর্তীতে কোনও দাবি গ্রাহ্য হবে না।

**মেসার্স সৌম্য রায় অ্যান্ড অ্যাসোসিয়েটস**
১২, গভ. প্লেস ইস্ট, চেম্বার -২ এবং ৩
রিজেন্ট হাউস, ৪র্থতল, কলকাতা -৭০০০৬৯
ফোন :নং : ০৩৩-৪৮২২২৯২৯
ইমেল : shoumyaroy.shaw@yahoo.com
তারিখ : ০৪.০৬.২০২৫




## আজকের দিনটি কেমন যাবে ?

**আজ ৫ ই জুন । ২১ শে জৈষ্ঠ্য । বৃহস্পতি বার । দশমী তিথি মুহূর্ত। জন্মে কন্যা রাশি। অষ্টত্তরী মঙ্গল ও বিংশোত্তোরী রবি র মহাদশা কাল। মৃতে দ্বিপাদ দোষ।**

**মেষ রাশি :** তরল পদার্থ কেমিক্যাল সম্পর্ক, ব্যবসা প্রতিষ্ঠান থেকে আয় বৃদ্ধি। পরিবার পরিজন দের সাথে মধুর সম্পর্ক। ছোট ভ্রমণ আর ভবিষ্যতের জন্য বীজ বপন হবে। প্রেম সম্পর্ক শুভ।প্রতিবাদ করার আগে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখুন। ছাত্র ছাত্রীদের জন্য আজকের দিনটা অতীব আনন্দের। বাড়ী থেকে কাজে যাওয়ার র সময়, লাল তিলক, লাল রঙের রুমাল রাখুন।

**বৃষ রাশি :** পরিস্থিতি নিয়ন্ত্রণে আপনি কিছু শুভ কাজ করতে পারবেন। অল্প পরিচিত বান্ধবের সহযোগে, সমস্যা থেকে বের হয়ে আসবেন। নতুন পরিকল্পনা করতে পারেন। উচ্চ বিদ্যা তে সাফল্য অর্জন করা যাবে। পিতৃবাক্য মেনে নিতে অসুবিধা কোথায়? মন্দিরে গিয়ে দেবদেবীর পুজো দিন, সফলতা আসবে। পকেটে হলুদ রঙের রুমাল রাখুন, শুভ হবে।

**মিথুন রাশি :** হঠাত প্রাপ্তি। প্রতিবেশী স্বজন বান্ধব দ্বারা, ভ্রমন শুভ। প্রেমে বিশ্বাস যোগ্যতা অর্জন করতে হবে। নবম দশম শ্রেণীর ছাত্র ছাত্রী দের জন্য শুভ। লেখক সাহিত্যিক রা সম্মান পাবেন। গোপন কথা গোপন করতে হবে। কাছে সবুজ রঙের রুমাল রাখা উচিত। শ্রী নারায়ণ/ শ্রী কৃষ্ণ সেবা করলে আজ আরো শুভ হবে।

**কর্কট রাশি :** আজ দান বিতরণ করলে, প্রশান্তি অনুভব না থাকার কারণে আজ দুশ্চিন্তা থাকবে। এক সন্তানের কারনে মনকষ্ট বৃদ্ধি হবে। নতুন লগ্নি করা অর্থ ফেরত পেতে দুশ্চিন্তা। স্বজন বান্ধব দের সাথে তর্ক বিতর্ক হবে। জাহাজী ইন্জিনিয়ার দের সফর শেষে বিভ্রান্তি।আজ একটু ধৈর্য ধরতে হবে। আজ বড় ইন্টারভিউ থাকলে, দিন পরিবর্তন করা ভালো। বাড়ীর বাইরে বের হলে ভগবান গনেশের নামে শুভ হবে।

**সিংহ রাশি :** পুরাতন বান্ধবী বান্ধব প্রতিবেশী স্বজন র দ্বারা, কোন সমস্যা মুক্তি র পথ দেখা যাবে। ব্যাবসা বৃদ্ধির সঙ্গে অর্থ প্রাপ্তি সম্ভব। খাদ্য দ্রব্য ব্যবসায়ীর হাতে অর্থ আসবে। প্রেমে শুভ। স্বজন বান্ধব দের বিবাহ কথা পাকা হবে। প্রতিবেশীর দ্বারা শুভ। আজ সাদা রঙের কোন কিছু সাথে রাখুন। হর হর মহাদেব।

**কন্যা রাশি :** পরিবার স্বজনদের সহযোগিতা, আজ ধৈর্য ধরে কাজ করতে হবে। আজ এমন একটা কাজ করবেন, যা নিয়ে বেশ কয়েকদিন ধরেই দুশ্চিন্তায় ছিলেন। পরিবারের সহযোগীতা নিয়েই আজ এগিয়ে যাবেন। প্রেম আজ মধুরতা প্রদান করার কথা। গোপন বিষয় টা নিয়ে আজ কথা না বললেই ভাল। ভগবান শিবের পুজো করলে শুভ হবে।

**তুলা রাশি :** প্রিয়জন আজ মনকষ্ট দেবে। কথা বলার সময় যুক্তি উপস্থাপন না করলে, কাজ টা হবে কি করে? বাড়ীর পাশে সুযোগ আছে, কথা বলতে হবে। আজ ব্যাংক বিষয়ে কোন কিছু শুভ হবে। দেব গনেশ ভগবান মন্ত্র।

**বৃশ্চিক রাশি :** পরিবার স্বজন হারানো কোন নারীর ওপর বিশ্বাস করতে হবে। আজ সতর্ক থাকুন। কাজ শেষ হবে না। পরিশেষে গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের মোকাবেলা করতে হবে। আজ সকালের সময়ে তিনটি বিল্বপত্র ভগবান শিবের মাথায় দিন, ধৈর্য ধরতে হবে। প্রেমে ভুল বোঝাবুঝি হবে। ভগবান শ্রী কৃষ্ণ নাম।

**ধনু রাশি :** সতর্ক থাকুন। যাকে কাজের দ্বায়িত্ব দিয়েছিলেন সেটা না করার জন্য পরিবার স্বজনের সাথে, পরিবারের সদস্য নয়, এমন মানুষের জন্য-তর্ক বিতর্ক হবে। সঞ্চিত অর্থের সঠিক প্রয়োগ হবে। প্রেম বিষয়ক গোপন কিছু প্রকাশ্যে আসবে। আজ ব্যবসা বৃদ্ধি র প্রভূত সম্ভাবনা। হরিওং বলে পথ চলুন। কুকুর বিড়ালে র সেবা শুভ হবে। দেবী কালরাত্রি মন্ত্র পাঠ।

**মকর রাশি :** সন্তানের জন্য নিরাপদ নয়, আজ দুশ্চিন্তা বৃদ্ধি পাবে। পুরাতন বিবাদ মিটবে। প্রতিবাদ না করাটা শুভ। বিশেষতঃ যারা বেতন ভুক কর্ম করেন। আজ তারা কিছু সুযোগ সুবিধা পাবেন, যারা প্রাক্তন সরকারী কর্মচারী। প্রমিক যুগল প্রানের কথা বলতে পারেন। প্রতিবেশীর দ্বারা সম্মান বৃদ্ধি যোগ। ওম গনেশ দেব মন্ত্র।

**কুম্ভ রাশি :** আজ খুব ভেবে নতুন সম্পর্কে এগোতে হবে। প্রিয়জন নাকি প্রয়োজনে প্রিয়জন? গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের প্লান হবে। পরিবারের সবাইকে নিয়ে কোন আনন্দ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। ব্যাংক ড্রাফট লোন সংক্রান্ত কিছু শুভ হব। ছাত্র ছাত্রী দের জন্য সুখবর আছে। শিব শিব বলুন।

**মীন রাশি :** কষ্টদায়ক তিথি। আপনার সাথে প্রতিবেশী কোন সমস্যা আবার নতুন করে শুরু করতে পারে। পরিবারের সদস্য দের সাথে মধুর সম্পর্ক তৈরি করতে হবে। আপনি যা ভাবছেন তাই যে ঠিক, আর অন্যের ভাবনা ভুল, এই চিন্তা ভাবনা থেকে সরে আসুন। হর হর মহাদেব।

**(আজ দশহরা শ্রী শ্রী গঙ্গাপুজো। শ্রীশ্রী মনষাদেবীর পুজো। শ্রী বটুক ভৈরব দেব আবির্ভাব তিথি।)**

## ।। বিজ্ঞপ্তি ।।

এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, সম্পাদক, ধুবুলিয়া SKUS Ltd., সাং ও পোঃ ও থানা- ধুবুলিয়া, জেলা নদীয়া গত ইংরাজী ১৬.০১.২০০৬ তারিখে ADSR কৃষ্ণনগর অফিস হইতে কোবলা দাতা **শ্রী সনৎ কুমার দত্ত**, পিতা মৃত সৌরেন্দ্র নাথ দত্ত, সাং ও পোঃ ও থানা- ধুবুলিয়া, জেলা-নদীয়া মহাশয়ের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার **শ্রী সুজিত কুমার দত্ত**, পিতা শ্রী সনৎ কুমার দত্ত, সাং ও পোঃ ও থানা - ধুবুলিয়া জেলা নদীয়া মহাশয়ের নিকট হইতে গত ইংরাজী ২৯.১২.২০০৫ তারিখে কৃষ্ণনগর ADSR অফিসের ১৬৬ নং আমমোক্তারবলে ইংরাজী ২০০৬ সালে ২৬৮ নং দলিলমূলে ৩৩নং ধুবুলিয়া মৌজার হাল ১২৮৩/২নং খতিয়ানের হাল ৩০৯২নং দাগে ১০ শতক ভিটি জমি খরিদ করেন। এক্ষণে উক্ত সংস্থা তাহাদের সম্পত্তি সংস্থার নামে রেকর্ডভুক্ত করাইতে ইচ্ছুক। এই বিষয়ে যদি কাহারো কোনপ্রকার অভিযোগ বা আপত্তি থাকে তবে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের দিন হইতে আগামী ১৫ দিনের মধ্যে কৃষ্ণনগর B.L. & L.R.O. অফিসে যোগাযোগ করুন, অন্যথায় আইন মোতাবেক কার্য্য হইবে।

**লিয়াকত আলী জঙ্গী, (এ্যাডভোকেট),**
কৃষ্ণনগর জাজেস কোর্ট।

## ।। বিজ্ঞপ্তি ।।

**আমমোক্তার নামা**

এতদ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে, **১)শ্রীমতী গীতা ঘোষ** স্বামী শ্রী লক্ষ্মী নারায়ণ ঘোষ, সাকিম শ্রীপুর, ইনচুড়া, পান্ডুয়া, হুগলী- ৭১২১৩৪, **২)শ্রীমতী কবিতা ঘোষ** স্বামী অশোক ঘোষ, সাকিম পূর্বপাড়া ভোতর, রামেশ্বরপুর, ধনিয়াখালী, হুগলী-৭১২১৫২ ও **৩)শ্রী শ্যামল কুমার সরকার** পিতা ৺অজিত কুমার সরকার, সাকিম ৩৪ পটিপাড়া লেন, চাতরা, শ্রীরামপুর, হুগলী-৭১২২০৪ মহাশয়/মহাশয়া বিগত ইং ০৭/০৮/২০২৩ তারিখে ডি.এস.আর.-I, হুগলী, চুঁচুড়া অফিসে রেজিষ্ট্রীকৃত I-7387/2023 নং আমমোক্তারনামা দলিল বলে আমার মক্কেল **শ্রী সৌমেন ঘোষ** পিতা ৺প্রফুল্ল কুমার ঘোষ, সাকিম জয়পুর, মগরা, হুগলী-৭১২১৪৮ মহাশয়কে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন এবং উক্ত ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তারনামা বলে আমার মক্কেল নিম্নোক্ত তপশীল বর্ণিত সম্পত্তি বিগত ইং ০২/০৫/২০২৫ তারিখে ডি.এস.আর.-I, হুগলী, চুঁচুড়া অফিসে রেজিষ্ট্রীকৃত I-3765/2025 নং বিক্রয় কোবালা দলিল মূলে **শ্রী তন্ময় ঘোষ** পিতা শ্রী তপন ঘোষ, সাকিম বীরপালা, সুলতানগাছা, পোলবা, হুগলী-৭১২১৪৮, মহাশয়কে ০.৫০ শতক সম্পত্তি বিক্রয় করিয়াছেন। **তপশীল** - জেলা হুগলী, থানা মগরা, মৌজা তালান্ডু, ৩ নং জে.এল ভুক্ত, সাবেক তথা হাল এল.আর ১১৪২ নং দাগে, ১)হাল এল.আর. ৪১৮ নং খতিয়ানে ৭২.৬ বর্গফুট, ২)হাল এল.আর. ১০৪৯ নং খতিয়ানে ৭২.৬ বর্গফুট ও ৩)হাল এল.আর. ১০৫৩ নং খতিয়ানে ৭২.৬ বর্গফুট, একুনে একটি দাগে তিনটি খতিয়ানে মোট ০.৪৯৯১ শতক বা কমবেশী ০.৫০ শতক শালি জমি অত্র দলিলে আমমোক্তারনামা বলে বিক্রয়কৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, বর্তমান ক্রেতা **শ্রী তন্ময় ঘোষ** পিতা শ্রী তপন ঘোষ, তাহার খরিদা সম্পত্তি নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও মগরা-চুঁচুড়া ব্লক অফিসে আবেদন করিয়াছেন/করিতেছেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ঠ অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।

ইতি- **সনৎ কুমার শীল (উকিলবাবু),**
জেলা জজ আদালত, চুঁচুড়া, হুগলী

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**পূর্ব মেদিনীপুর**

আইনক্স অ্যাড এজেন্সি
**সুরজিৎ মাইতি,** পিটপুর, কেশপাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩৯, **মোঃ ৯৭৩২৬৬৬০৫২**

শ্যাম কমিউনিকেশন,
**দেবব্রত পাঁজা,** দেউলিয়া বাজার, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন: ৭২১১৫৪, মোঃ **৯৪৭৪৪৪৬৮৯৬/ ৭০৭৪৪৯৩৭৯৬**

মানসী অ্যাড এজেন্সি,
**শশধর মান্না, মেচেদা ও তমলুক,** ঠিকানা: কাকডিহি, মেচেদা, কোলাঘাট, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন ৭২১১৩৭, **মোঃ ৯৮৩২৭০৯৮০৯/ ৯৯৩২৭৭০৭৬৭**

**পশ্চিম মেদিনীপুর**

মহালক্ষ্মী অ্যাডভার্টাইজিং এজেন্সি
দুর্গেশ চন্দ্র শুক্লা, ঠিকানা: হোল্ডিং নং. ১৬৮/১৪২, ওয়ার্ড নং-১৬, ভগবানপুর কালী মন্দিরের কাছে, খড়্গপুর টাউন, পশ্চিম মেদিনীপুর-৭২১৩০১ **মোঃ ৮৯১৮০৬৩৪৪৬**

শিলাবতী অ্যাড এজেন্সী,
**রেখা দাস,** নিউ মার্কেট (খিরিশ তলা), ঘাটাল, পশ্চিম মেদিনীপুর, **মোঃ ৯৯৩৩৩৫০৩৩৩**

**মুর্শিদাবাদ**

পি' অ্যাডস্ সলিউশন,
**অমিত কুমার দাস,** ১৬৭, দয়ানগর রোড, পোঃ- খাগড়া, জেলা- মুর্শিদাবাদ, পিন-৭৪২১০৩। **মোঃ ৯৪৭৪৫৭৮৬৩৫/ ৮৪৩৬৯৯৩০১৯।**

**বীরভূম**

সংবাদ সারাদিন,
**মৃণালজিৎ গোস্বামী,** সিউড়ি, নিউ জঙ্গলপাড়া, বীরভূম-৭৩১১০১। **মোঃ ৯৬৭৪১৭০২২৪, ৯৭৭৫২৭৬০২১।**

মিডিয়া হাউস,
**প্রঃ- পরিতোষ দাস,** কীর্ণাহার স্টেশন রোড, থানা- নানুর, বীরভূম। **মোঃ ৯৪৩৪৩৪৮৮১৯, ৯১৫৩০৬০২০৯।**

লক্ষ্মী অনুষ্ঠান ভবন,
**প্রযত্নে দীপক কুমার মণ্ডল,** নতুন বাসস্ট্যান্ড, রামপুরহাট, বীরভূম। **মোঃ ৯৯৩৩০০২৭৩১/ ৯৩৩৩৩১২৬৭১।**

A2Advantage Ad Agency,
**শেফালী আচার্য্য,** বেলেডাঙ্গাল, ভীমগড়, খয়রাশোল, বীরভূম, মোঃ ৭৯০৮১৬৩৬৩৫

মা তারা অ্যাডভার্টাইজিং এজেন্সী,
**অক্ষয় ধীবর, শঙ্করী অ্যাপার্টমেন্ট,** ফটকদুয়ার রোড, রামপুরহাট, বীরভূম- ৭৩১২২৪, (বর্ণপরিচয় স্কুলের কাছে), **৯৪৩৪২৫২৫০৪,** maatara.adagency@gmail.com

**পুরুলিয়া**

**অরিজিৎ সেন,** চকবাজার, কাপড়গলি, বনমালি সেন লেন, পুরুলিয়া-৭২৩১০১, মোঃ ৯৮৫১১৯৮১৬০।

**হাওড়া**

**ঋদ্ধি সিদ্ধি, বিজয় কুমার শ,** রঞ্জিত জেরক্স, ৭, ঋষি বঙ্কিম চন্দ্র রোড, বিল্ডিং, হাওয়া কোর্ট, স্টল নং ০৭, হাওখা-৭১১১০১, **ফোন- ৯৩৩০৬৬৯৫১৮**

## ।। বিজ্ঞপ্তি ।।

**আমমোক্তার নামা**

এতদ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে, **১)শ্রীমত্যা মনোরমা মন্ডল ২)শ্রী নবকুমার মন্ডল, ৩)শ্রী শ্যামসুন্দর মন্ডল, ৪)শ্রী নিতাই চন্দ্র মন্ডল,** সকলের সাকিম গজঘন্টা, মগরা, হুগলী-৭১২১৪৮, **৫)শ্রীমতী কল্পনা সেন(মন্ডল),** স্বামী নবকুমার সেন, সাকিম জিরাট ষ্টেশন রোড, বলাগড়, হুগলী- ৭১২৫০১, **৬)শ্রীমতী গীতা মাঝি(মন্ডল)** স্বামী শঙ্কর মাঝি, সাকিম শিবপুর মেন রোড, ত্রিবেনী, মগরা, হুগলী- ৭১২১৪৮, **৭)শ্রীমতী সরস্বতী দাস(মন্ডল)** স্বামী প্রভাত দাস, সাকিম ইলছোবা মন্ডলাই, পান্ডুয়া, হুগলী-৭১২১৪৬, ১নং এর স্বামী ২ থেকে ৭ নং এর পিতা ৺কালীচরন মন্ডল ওরফে কালীপদ মন্ডল, মহাশয়/মহাশয়াগণ বিগত ইং ১৪/১২/২০২০ তারিখে সম্পাদিত ও ২১/১২/২০২০ তারিখে ডি.এস.আর., হুগলী, চুঁচুড়া, অফিসে রেজিষ্ট্রীকৃত IV-249/2020 নং আমমোক্তারনামা দলিল বলে আমার মক্কেল **শ্রী কৃষ্ণ চন্দ্র ঘোষ,** পিতা ৺ফটিক চন্দ্র ঘোষ, সাকিম সুলতানপুর, ত্রিবেনী, মগরা, হুগলী-৭১২৫০৩, মহাশয়কে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন এবং উক্ত ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তারনামা বলে আমার মক্কেল নিম্নোক্ত তপশীল বর্ণিত সম্পত্তি বিগত ইং ২৯/০৪/২০২৪ তারিখে এ.ডি.এস.আর., চুঁচুড়া, হুগলী অফিসে রেজিষ্ট্রীকৃত I-4572/2024 নং বিক্রয় কোবালা দলিল মূলে **শ্রীমতী শিখা দাস** স্বামী শ্রী কৃষ্ণ দাস, সাকিম সুভাষ পল্লী (তামলিপাড়া), বলাগড়, হুগলী- ৭১২৫০১ মহাশয়াকে ০১ কাঠা ১২ ছটাক বা কমবেশী ০.০২৯ একর সম্পত্তি বিক্রয় করিয়াছেন। **তপশীল** - জেলা হুগলী, থানা মগরা, মৌজা ত্রিবেনী বৈকুন্ঠপুর, ৩৬ নং জে.এল ভুক্ত, হাল এল.আর. ২২৯ নং খতিয়ানে, সাবেক ১২০ তথা হাল এল.আর ১৩৩ নং দাগে শালি জমি ষোল আনায় ০.৪৬৯ একর মধ্যে ০.২৩৪ একর তন্মধ্যে ০১ কাঠা ১২ ছটাক বা কমবেশী ০.০২৯ একর সম্পত্তি অত্র দলিলে আমমোক্তারনামা বলে বিক্রয়কৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, বর্তমান ক্রেতা **শ্রীমতী শিখা দাস** স্বামী শ্রী কৃষ্ণ দাস, তাহার খরিদা সম্পত্তি নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও মগরা-চুঁচুড়া ব্লক অফিসে আবেদন করিয়াছেন/ করিতেছেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ঠ অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।

ইতি- **সনৎ কুমার শীল (উকিলবাবু),** জেলা জজ আদালত, চুঁচুড়া, হুগলী

**ঘোষণা-** এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

# তৃণমূল শিবিরে পা রাখলেন কংগ্রেসের শঙ্কর মালাকার




**নিজস্ব প্রতিবেদন:** বুধবার তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন দার্জিলিং জেলা কংগ্রেস সভাপতি ও প্রাক্তন বিধায়ক শঙ্কর মালাকার। ইএম বাইপাসে মেট্রোপলিটনে অবস্থিত তৃণমূল ভবনে তাঁর হাতে দলীয় পতাকা তুলে দেন দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সি ও মন্ত্রী অরূপ বিশ্বাস। তৃণমূল যোগদানের পর বিজেপির বিরুদ্ধে বিভাজনের রাজনীতি করার অভিযোগে সোচ্চার হন শঙ্কর মালাকার। বিজেপিকে আক্রমণ করে তিনি বলেন, 'বিজেপি কখনও কামতাপুর রাজ্য, কখনও গোর্খাল্যান্ড রাজ্য গঠনের হাওয়া তুলছে। কখনও আবার বলছে উত্তরবঙ্গকে আলাদা রাজ্য করে দেবে। এভাবে উত্তরবঙ্গের মানুষের আবেগ নিয়ে খেলছে ওঁরা।' এর পাশাপাশি তিনি এও মনে করিয়ে দেন, তিনি ১০ বছর বিধায়ক ছিলেন। তখন তিনি বুঝতে পেরেছিলেন শাসকদলের সঙ্গে না থাকলে এলাকার উন্নয়ন করা যায় না। গত কয়েকদিনে ধরে কানাঘুষা শোনা যাচ্ছিল তৃণমূলে যোগদান করতে চলেছেন শঙ্কর মালাকার। এরপর বুধবার বেলা তিনটেয় 'হাত' শিবির থেকে 'জোড়াফুল' শিবিরে পা রাখেন তিনি। দার্জিলিং জেলা কংগ্রেসের প্রায় ২০ বছরের সভাপতি তিনি। একই সঙ্গে কংগ্রেসর উত্তরবঙ্গের পর্যবেক্ষকের ভারও ছিল তাঁর ওপরে। তিনি তৃণমূলে যোগদান করতে চলেছেন শুনেই তড়িঘড়ি তাঁকে দলের সমস্ত পদ থেকে সরিয়ে দেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

এদিকে রাজনৈতিক বিশ্লেষকদের ধারণা, শঙ্কর মালাকারের তৃণমূলে যোগদানে উত্তরবঙ্গে কংগ্রেসের অস্তিত্বই কার্যত প্রশ্নের মুখে পড়ে গেল। একইসঙ্গে তাঁদের ধারণা, ২০২৬-এর বিধানসভা নির্বাচনে শঙ্কর মালাকারকে মাটিগাড়া-নকশালবাড়ি থেকে প্রার্থী করতে পারে তৃণমূল। অন্যদিকে, দার্জিলিং জেলা কংগ্রেস সভাপতি ও কংগ্রেস নেতা শঙ্কর মালাকারের তৃণমূলে যোগ দেওয়ার প্রসঙ্গ তুলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু বলেন, 'উনি তো ২০২১ সালে ভোটে দাঁড়িয়েছিলেন। সামান্য ভোট পেয়েছিলেন। রাজ্যে কংগ্রেসের কোনও অস্তিত্ব নেই। আর ওখানে তৃণমূল করারও লোক নেই। ভোটে দাঁড়ানোর লোক নেই। তাই ওই এলাকায় আইপ্যাক নেতারা বাড়ি বাড়ি ঘুরে বেড়াচ্ছে। এইসব করে কোনও লাভ হবে না। লোকসভায় রাজু বিস্তা ৭০ হাজার ভোটে এগিয়ে ছিলেন।' শঙ্করের তৃণমূলে যোগদানের সিদ্ধান্তের কঠোর সমালোচনা করেন শিলিগুড়ির বিধায়ক তথা বিধানসভায় বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ। তিনি কটাক্ষ করে জানান, 'শঙ্কর দার বয়স হয়েছে। তৃণমূলকে টক্কর দেওয়ার ক্ষমতা আর ওনার নেই। তাই এই সিদ্ধান্ত।' এরই পাশাপাশি কংগ্রেসকে বিদ্ধ করে শঙ্কর ঘোষ বলেন, 'রাজ্যে কংগ্রেসের কার্যত কোনও অস্তিত্ব নেই। গোটা দেশেও কংগ্রেসের অস্তিত্ব মুছে যেতে বসেছে। এই হতাশা থেকে শঙ্কর দা তৃণমূলে যোগদান করেছেন।' পাশাপাশি শঙ্কর মালাকারকেও বিদ্ধ করে বলেন, 'উনি হয়তো তৃণমূলের কৃপায় আরেক দফা বিধায়ক হওয়ার স্বপ্ন দেখছেন। তবে এ স্বপ্ন সত্যি হবে না। দার্জিলিং জেলার যে কোনও আসনে দাঁড়ালে আমরা ওনাকে হারাব।'

## উত্তরবঙ্গে দুর্যোগ পরিস্থিতি মোকাবিলায় বিশেষ দল গঠন




**নিজস্ব প্রতিবেদন:** উত্তরবঙ্গে টানা ভারী বৃষ্টিতে যেকোনও সময় বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে। এই দুর্যোগ মোকাবিলা করার জন্য নবান্ন থেকে একটি বিশেষ দল তৈরি করা হয়েছে। এই দলে মূলত বিভিন্ন দপ্তরের সচিব এবং ইঞ্জিনিয়ারদের রাখা হয়েছে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব দুষ্মন্ত নারীয়াল এর নেতৃত্বে এই দল কাজ করবে। এই সাতজনের টিমে রয়েছেন কৃষি ও কৃষি বিপণন দপ্তরের সচিব ওঙ্কার সিং মিনা, স্বাস্থ্য দপ্তরের বিভাগীয় সচিব শুভঞ্জন দাস, পঞ্চায়েত দপ্তরের সচিব পি উলগানাথ ও রাজ্য বিদ্যুৎ পর্ষদের অধিকর্তা অভিজিৎ কুমার লাটুয়া। এছাড়া, উত্তরবঙ্গের জনস্বাস্থ্য কারিগরি শেষ দপ্তুরের তিন চিফ ইঞ্জিনিয়ার কেও রাখা হয়েছে এই দলে। এই প্রতিনিধি দলের মূলত কাজ হবে দুর্যোগ এলাকায় সব দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে বিপদগ্রস্ত মানুষের আশ্রয় শিবিরে সরিয়ে আনা ও ত্রাণ বিলি ঠিক মতো হচ্ছে কিনা তা দেখা এবং ক্ষয়ক্ষতি পরিমাণ খতিয়ে দেখে রিপোর্ট তৈরি করে। যাতে রাজ সরকার দ্রুত ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন এবং ক্ষতিপূরণে ব্যবস্থা করতে পারে।

## মহিলা পরিচালিত ক্ষুদ্র শিল্পে গতি আনতে উদ্যোগ

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যের মহিলা পরিচালিত ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগগুলিকে প্রশিক্ষণ ও সহায়তা দিতে রাজ্যজুড়ে বড় মাপের সমীক্ষা শুরু হচ্ছে। বিশ্বব্যাঙ্কের অর্থানুদানপ্রাপ্ত 'রেইজিং অ্যান্ড অ্যাকসেলারেটিং এমএসএমই প্রোডাক্টিভিটি' বা র‍্যাম্প প্রকল্পের আওতায়, রাজ্য সরকার প্রায় ৫ হাজার মহিলা পরিচালিত এমএসএমই-র উপর এই সমীক্ষা চালাবে। রাজ্যের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প ও বস্ত্র দপ্তর সূত্রে জানা গিয়েছে, মহিলা পরিচালিত এমএসএমই সংস্থাগুলিকে উৎসাহ দিতে সম্প্রতি একটি প্রস্তাব তৈরি করা হয়েছে। এর মাধ্যমে রাজ্যের সরকারি বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানগুলিকে এই প্রকল্পে যুক্ত করার পরিকল্পনা নেওয়া হয়েছে। সমীক্ষার মাধ্যমে সংস্থাগুলির কার্যক্ষমতা, আর্থিক সহায়তার সুযোগ, বাজারে প্রবেশের বাধা এবং প্রযুক্তি ব্যবহারের মাত্রা বিশ্লেষণ করা হবে। খসড়া ও চূড়ান্ত রিপোর্ট তৈরি করে তার ভিত্তিতে পূর্ণাঙ্গ তথ্যভাণ্ডার তৈরি করা হবে। পরবর্তী পর্যায়ে রাজ্যজুড়ে ৫০টি সচেতনতা শিবিরের আয়োজন করা হবে, যেখানে প্রতিটি শিবিরে কমপক্ষে ১০০ জন মহিলাকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প, ডিজিটাল বিপণন ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া হবে। সবশেষে, ১০০-র বেশি এমএসএমই-কে বিশ্ব বাংলা, তন্তুজ ও মঞ্জুষার মতো ই-কমার্স প্ল্যাটফর্মের সঙ্গে যুক্ত করে অনলাইন বিক্রির জন্য বিশেষ প্রশিক্ষণ ও সহায়তা দেওয়া হবে। ২০২৫-২৬ অর্থবর্ষের দ্বিতীয় ত্রৈমাসিক থেকে শুরু হয়ে ২০২৬-২৭ অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিক পর্যন্ত এই প্রকল্প বাস্তবায়িত হবে। প্রতিটি পর্যায়ের কাজের ভিত্তিতে অর্থ প্রদান করা হবে। উল্লেখ্য, জাতীয় পরিসংখ্যান দপ্তরের বার্ষিক সমীক্ষা অনুযায়ী, মহিলা পরিচালিত উদ্যোগের সংখ্যায় পশ্চিমবঙ্গ সারা দেশে শীর্ষস্থানে রয়েছে।

## দেশে করোনা সংক্রমণ বৃদ্ধি, ২৪ ঘণ্টায় মৃত ৭



**নিজস্ব প্রতিবেদন: ভারতে ক্রমে করোনা তার থাবা প্রসারিত করেই চলেছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের তথ্য অনুসারে দেওয়া পরিসংখ্যান অনুসারে বিগত বেশ কিছু দিন ধরে বেড়েই চলেছে করোনা-আক্রান্তের সংখ্যা। বুধবার সকাল ৮টা পর্যন্ত যে পরিসংখ্যান কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের তরফ থেকে দেওয়া হয়েছে তাতে ভারতে করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪ হাজার ৩০২-এ। সঙ্গে এও জানানো হয়েছে, বিগত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে ৭ জনের। যে সব রাজ্যে করোনা আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পেয়েছে তার মধ্যে রয়েছে দিল্লি, উত্তর প্রদেশ ও পশ্চিমবঙ্গে বেড়েছে আক্রান্তের সংখ্যা। বাংলাতেও বেড়েছে কোভিড আক্রান্তের সংখ্যা। মঙ্গল থেকে বুধবারে গত ২৪ ঘণ্টায় নতুন করে আক্রান্ত হয়েছেন ৬০ জন। এরফলে কোভিডে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৪৩২-এ। গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়েছেন ২৭৬ জন, এর ফলে মোট সংক্রমণ বেড়ে হয়েছে ৪,৩০২। এর মধ্যে ৩,২৮১ জনকে ছেড়ে দেওয়া হয়েছে। কোভিড-১৯ এ আক্রান্ত ৭ জনের মৃত্যু হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের তথ্য অনুসারে, পশ্চিমবঙ্গে গত ২৪ ঘণ্টায় ৬০ জন নতুন করে আক্রান্তের খবর পাওয়া গেলেও, উত্তর প্রদেশ এবং দিল্লিতে যথাক্রমে ৬৩ ও ৬৪ জন সংক্রমণের খবর পাওয়া গিয়েছে।**

## যুদ্ধকালীন পরিস্থিতিতে বাতিল হওয়া ছুটি ফের চালু করল রাজ্য



**প্রতিবেদন:** ভারত পাকিস্তানের মধ্যে যুদ্ধকালীন পরিস্থিতিতে বাতিল হওয়া ছুটি ফের চালু করল রাজ্য সরকার। বুধবার অর্থ দফতর বিজ্ঞপ্তি জারি করে জানিয়ে দিয়েছে, সরকারি কর্মীদের ছুটি সংক্রান্ত পূর্ববর্তী নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়েছে। গত ৭ মে সীমান্ত উত্তেজনার আবহে জরুরি ভিত্তিতে রাজ্য সরকারের তরফে সমস্ত সরকারি কর্মচারীদের ছুটি, স্টেশন লিভ সহ সবধরনের ছুটি বাতিলের নির্দেশ দেওয়া হয়েছিল। উদ্দেশ্য ছিল প্রশাসনিক পরিকাঠামোকে সর্বদা প্রস্তুত রাখা। তবে বর্তমানে পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে। ভারত-পাক সীমান্তে যুদ্ধবিরতি কার্যকর এবং প্রশাসনিক স্তরেও স্বাভাবিকতা ফিরছে। সেই প্রেক্ষিতে নতুন করে ছুটির অনুমতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে নবান্ন। নবান্ন সূত্রে খবর, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে উচ্চ পর্যায়ের বৈঠকে কর্মীদের মানসিক স্বাস্থ্য ও পারিবারিক দায়বদ্ধতা বিবেচনায় এনে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী, এখন থেকে আবার আগের নিয়মে ছুটি, স্টেশন লিভ ও অন্যান্য অনুমোদন প্রক্রিয়া চলবে। ইতিমধ্যেই অধিকাংশ দপ্তরে পৌঁছে গিয়েছে এই নির্দেশ। নতুন নির্দেশিকার খবর ছড়িয়ে পড়তেই স্বস্তি প্রকাশ করেছেন বহু কর্মী। এক কর্মচারীর মন্তব্য, 'শেষ কয়েকটা সপ্তাহ ভীষণ চাপের ছিল। এখন অন্তত একটু নিঃশ্বাস নেওয়া যাচ্ছে।'

## গোরুমারা ও চাপড়ামারি অভয়ারণ্য রক্ষায় বিশেষ মনিটরিং সেল গঠন

**নিজস্ব প্রতিবেদন:** গোরুমারা জাতীয় উৎপাদন এবং চাপড়ামারি অভয়ারণ্যকে নিয়ে ঘোষিত পরিবেশ সংবেদনশীল এলাকা বা ইকো সেনসিটিভ জোন রক্ষায় বিশেষ মনিটরিং সেল গঠন করছে রাজ্য সরকার। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের নির্দেশিকা অনুযায়ী এই কমিটি কাজ করবে। ওই কমিটির অনুমোদন ছাড়া ওই এলাকায় কোনও কাজই অনুমোদিত হবে না বলে সরকারি স্তরে স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে। কমিটির চেয়ারম্যান হবেন সংশ্লিষ্ট জেলার জেলাশাসক। গরুমারা ও চাপরামারি, উভয় ক্ষেত্রেই কমিটি চূড়ান্ত হওয়ার পর এলাকা চিহ্নিতকরণ এবং কার্যকলাপ মূল্যায়ণের কাজ দ্রুত শুরু হবে। কেন্দ্রের বন ও পরিবেশ মন্ত্রকের গত বছরের বিজ্ঞপ্তি অনুযায়ী, গরুমারাকে ঘিরে ২৭৮ বর্গ কিমি এলাকা এবং চাপরামারি অভয়ারণ্য সংলগ্ন ৯.৬ বর্গ কিমি পরিসরকে ইএসজেড হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই এলাকায় পর্যটন প্রকল্প, খনন, পাথর ভাঙা, বনচ্ছেদন এবং নদী দূষণের ওপর কড়া নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। চাপরামারি ইএসেজড মনিটরিং কমিটিতে কৃষি, আবাসন, গ্রামীণ উন্নয়ন, পরিবেশ এবং পূর্ত দফতরের পদস্থ আধিকারিকদের পাশাপাশি থাকছেন রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, পরিবেশ সংস্থা তিস্তা ট্রাস্ট, জীববৈচিত্র্য বিশেষজ্ঞ দিপর্ণা দত্ত, সৌমেন্দ্রনাথ ঘোষ (জীববৈচিত্র্য পর্ষদ) এবং গরুমারা ওয়াইল্ডলাইফ ডিভিশনের এডিএফও রাজীব দে। গরুমারা কমিটিতেও রয়েছে সমমানের প্রতিনিধি দল।

রয়েছেন বিশিষ্ট পরিবেশবিদ অনিমেষ বোস। সাম্প্রতিক কালে গজিয়ে ওঠা একাধিক রিসর্ট বিশেষত গরুমারার অভয়ারণ্য ঘিরে জটিলতা বাড়িয়েছে। কোনও কোনও যায়গায় সেগুলির অবস্থান বণ্যপ্রাণীদের প্রাকৃতিক যাতায়াতের পথের কাছাকাছি।

বিষয়টি ঘিরে দুশ্চিন্তায় পর্যটন মহল। ডুয়ার্স ট্যুরিজম ডেভেলপমেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সভাপতি দিব্যেন্দু দেব বলেন, 'আমরা উদ্বিগ্ন। সবাই এখন কমিটির সিদ্ধান্তের দিকেই তাকিয়ে।'

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফেটসু ইউনিয়ন রুমে তাণ্ডব

# ঘটনা তদন্ত করে দেখার আশ্বাস কর্তৃপক্ষের



**নিজস্ব প্রতিবেদন:** মঙ্গলবারের রাতে তাণ্ডব চলে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র সংসদের ঘরে। বুধবার সকালে ছাত্র সংসদের ঘরে ভাঙচুরের বিষয়টি পড়ুয়াদের নজরে আসে। এই সময় ছাত্র সংসদের ঘরের লন্ডভন্ড অবস্থায় পড়েছিল। কিন্তু কে বা কারা এ ঘটনাটি ঘটিয়েছে তা নিয়ে রয়েছে ধোঁয়াশা। এরপরই এই ঘটনায় ইঞ্জিনিয়ারিং বিভাগের পড়ুয়ারা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানান। একইসঙ্গে তাঁরা এও দাবি করেন ঘটনায় জড়িতদের চিহ্নিত করে অবিলম্বে পদক্ষেপ করারও।

এদিকে সব থেকে বড় সমস্যার ব্যাপার হল, ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র সংসদের ওই ঘরের কাছাকাছি কোনও সিসি ক্যামেরা নেই। ঘরে তালা দেওয়ারও কোনও ব্যবস্থা নেই। ফলে তা সারা রাত খোলাই থাকে। এই অবস্থায় পড়ুয়ারা বিশ্ববিদ্যালয়ের চার নম্বর গেটের সিসি ক্যামেরা ফুটেজ দেখতে চান কর্তৃপক্ষের কাছে। কারণ, ওই গেটটিই একমাত্র সারা রাত খোলা থাকে বলে অভিযোগ। তবে সেখানে নিরাপত্তাকর্মীও থাকেন। আর এখানেই ইঞ্জিনিয়ারিং বিভাগের পড়ুয়াদের প্রশ্ন, ক্যাম্পাসে নিরাপত্তারক্ষী এবং সিসি ক্যামেরা থাকার পরেও কী ভাবে এমন ঘটনা ঘটল।

তবে অন্যান্য সিসি ক্যামেরার ফুটেজে এক যুবককে ক্যাম্পাস থেকে বেরোতে দেখা গিয়েছে বলে দাবি পড়ুয়াদের। আর এখানেই পড়ুয়াদের সন্দেহ, ওই যুবক মত্ত অবস্থায় ছিলেন এবং তিনিই এই কাণ্ডে ঘটিয়ে থাকতে পারেন। এর মধ্যে পড়ুয়াদের কারও কারও ধারণা, ওই যুবক তৃণমূল ছাত্র পরিষদের সঙ্গে যুক্ত। যদিও ছাত্র সংসদের তরফে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগে কোনও সংগঠনের কথা উল্লেখ করা হয়নি বলেই জানা যাচ্ছে। তবে সমাজমাধ্যমে ছাত্র সংসদের এক বিবৃতিতে এই ঘটনার কথা উল্লেখ করে তৃণমূল এবং বিজেপি উভয়কেই একযোগে নিশানা করা হয়েছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অমিতাভ দত্তের সঙ্গেও যোগাযোগ করা হলে তিনি জানান, এমন ঘটনার কথা শুনেছেন তিনি। সঙ্গে এও জানান, রেজিস্ট্রার পুরো বিষয়টি দেখছেন। পাশাপাশি তিনি এ আশ্বাসও দিয়েছেন ঘটনা তদন্ত করে দেখা হবে।

# এবার কালীগঞ্জ উপনির্বাচনে নজর, বিদেশমন্ত্রীর বৈঠকে 'না' অভিষেকের



**নিজস্ব প্রতিবেদন:** কেন্দ্রীয় সরকার গঠিত সর্বদলীয় প্রতিনিধি দলের একজন সদস্য হয়ে বিদেশের মাটিতে পা রেখেছিলেন তৃণমূল সাংসদ তথা তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেখানে আলোচনায় পাকিস্তানের আসল রূপ কী সে ব্যাপারে মুখ খুলতেও দেখা গিয়েছে তাঁকে। একাধিক দেশে তিনি তাঁর বক্তব্যে পাকিস্তানের মদতপুষ্ট সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের কী অবস্থান, তা তুলে ধরেন। এর পাশাপাশি তিনি এও বার্তা দেন, ভারত এই জঙ্গি কার্যকলাপের বিরুদ্ধে মাথানত করবে না। প্রসঙ্গত, অভিষেক যে প্রতিনিধি দলে ছিলেন তাঁরা জাপান, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, মালোয়েশিয়া সফর করেছেন। বিরোধী দলের নেতা হয়েও বিদেশের মাটিতে বুঝিয়ে দিয়েছেন দেশ এক।

এদিকে বুধবার সব প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে বসার কথা রয়েছে কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের। তবে তিনি মঙ্গলবার মধ্যরাতে কলকাতা বিমানবন্দরে নামার পরই সাংবাদিকদের জানান, বুধবার যে বৈঠক রয়েছে তাতে তিনি থাকতেন পারবেন না। তাঁর অনুপস্থিতির কথা কেন্দ্রীয় সরকারকে আগেই জানিয়েও দিয়েছেন তিনি। এই বৈঠকে যোগ না দেওয়ার কারণ হিসেবে তিনি এও জানান, আগামী কয়েকদিন পূর্ব নির্ধারিত বেশ কিছু কর্মসূচি রয়েছে। সর্বোপরি সামনেই কালীগঞ্জ উপনির্বাচন। তার জন্য ব্যস্ত থাকবেন তিনি। তাই এই বৈঠকে উপস্থিত থাকতে চাইলেও তাঁর পক্ষে সম্ভব হচ্ছে না।

# শিয়ালদা দক্ষিণ শাখায় চালু হচ্ছে পাঁচটি বিশেষ ট্রেন পরিষেবা

**নিজস্ব প্রতিবেদন:** যাত্রী চাপ সামাল দিতে শিয়ালদা দক্ষিণ শাখায় পরীক্ষামূলকভাবে চালু হচ্ছে অতিরিক্ত পাঁচটি বিশেষ ইএমইউ ট্রেন। আগামী বৃহস্পতিবার থেকেই চালু হবে এই ট্রেন পরিষেবা। রেল সূত্রে খবর, এই ট্রেনগুলির কোনওটিই শিয়ালদা পর্যন্ত যাবে না বা শিয়ালদা থেকে ছাড়বে না। মূলত দক্ষিণ শহরতলির মধ্যে চলবে এই পরিষেবা। বিশেষ এই পাঁচটি ট্রেনের সময়সূচি হল, প্রথম ট্রেনটি সন্ধ্যা ৬টা ৩৫ মিনিটে সোনারপুর থেকে ছেড়ে রাত ৮টা ৪২ মিনিটে নামখানা পৌঁছবে। দ্বিতীয় ট্রেনটি ভোর ৫টা ১২ মিনিটে নামখানা থেকে ছেড়ে বালিগঞ্জ পর্যন্ত যাবে। তৃতীয় ট্রেনটি সকাল ৮টা ৪ মিনিটে বালিগঞ্জ থেকে ছেড়ে ক্যানিং পর্যন্ত চলবে। চতুর্থ ট্রেনটি সকাল ৯টা ৪০ মিনিটে ক্যানিং থেকে ছেড়ে বালিগঞ্জ পর্যন্ত আসবে। পঞ্চম ও শেষ ট্রেনটি সকাল ১১টা ২৫ মিনিটে বালিগঞ্জ থেকে ছেড়ে সোনারপুরে পৌঁছবে। রেল কর্তৃপক্ষ জানিয়েছে, এখন পরীক্ষামূলকভাবে এই পরিষেবাগুলি চালু করা হলেও, যাত্রীদের থেকে পাওয়া প্রতিক্রিয়া বিবেচনা করে আগামীদিনে স্থায়ী পরিষেবা চালুর সিদ্ধান্ত নেওয়া হবে।

# 'বুথ সশক্তিকরণ' অভিযানে বিজেপি



**নিজস্ব প্রতিবেদন:** পোশাকি নাম রাখা হয়েছে 'বুথ সশক্তিকরণ'। তবে এটা কোনও প্রকাশ্য বা সর্বজনীন কর্মসূচি নয়। বঙ্গ স্যাফ্রন ব্রিগেডের অভ্যন্তরীণ কর্মসূচি। কিন্তু 'নীলবাড়ি' দখলের আসন্ন লড়াইয়ের প্রস্তুতিতে এই কর্মসূচি এখন বিজেপি নেতৃত্বের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ।

এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, 'বুথ সশক্তিকরণ' অভিযানে শুধু রাজ্য নেতৃত্ব নন, কেন্দ্রীয় নেতৃত্বের প্রতিনিধিরাও সরাসরি ময়দানে নামছেন। আর সেখানে তাঁরা মণ্ডল, শক্তিকেন্দ্র এবং বুথের পরিস্থিতি সরেজমিনে খতিয়েও দেখবেন বলে সূত্রে খবর। পরিস্থিতি এমনই যে, পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় পর্যবেক্ষক (রাজনৈতিক) নিজে মণ্ডল স্তরে গিয়ে বৈঠক করার সিদ্ধান্ত নিয়েছেন। এদিকে সূত্রে খবর, সাংগঠনিক নির্বাচন এবং বিভিন্ন স্তরের কমিটি গঠনের গতিবিধি পর্যালোচনা করতে গত ৭ মে একটি বৈঠক ডেকেছিলেন বিজেপি-র কেন্দ্রীয় পর্যবেক্ষক (সাংগঠনিক) বনসল। সেই বৈঠকেই রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু সংগঠনের পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। এরপর বিজেপি সূত্রের দাবি করা হয়, বিজেপি নেতা তথা বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ইঙ্গিত দিয়েছিলেন যে, জেলা স্তর পর্যন্ত কোনও সমস্যা না থাকলেও তার নিচের স্তরের সংগঠনের চেহারা সম্পর্কে খাতায়-কলমে যে হিসাব দেখানো হচ্ছে, বাস্তবের সঙ্গে তার বিস্তর ফারাক।

# বাংলায় সেমিকন্ডাক্টর শিল্প হাব গড়ে তোলা লক্ষ্য সরকারের

**নিজস্ব প্রতিবেদন:** বিশ্বের অত্যাধুনিক প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে পশ্চিমবঙ্গে সেমিকন্ডাক্টর শিল্প হাব গড়ে তোলার লক্ষ্যে এবার কার্যকর পদক্ষেপ নিল রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে মঙ্গলবার নবান্নে মার্কিন কনসাল জেনারেল ক্যাথি জাইলস ডিয়াজের সঙ্গে উচ্চপর্যায়ের বৈঠকে এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকের পর জানানো হয়েছে, বিশ্বমানের উৎপাদনকারী সংস্থা গ্লোবাল ফাউন্ড্রিজ-কে সল্টলেকের সেক্টর ফাইভে সফটওয়্যার টেকনোলজি পার্কে ১৩ হাজার বর্গফুট জায়গা দেওয়া হয়েছে। সেখানে তারা একটি ফ্যাবলেস সেন্টার অর্থাৎ ডিজাইন ও টেস্টিং কেন্দ্র তৈরি করবে। সংস্থার তরফে আরও ১৯ হাজার বর্গফুট জায়গা চেয়ে রাজ্যের কাছে আবেদন জানানো হয়েছে, যা বর্তমানে প্রক্রিয়াধীন। সরকারি সূত্রে খবর, সংস্থা রাজ্যে পাওয়ার ইলেকট্রনিক্স ইকোসিস্টেম গড়ে তোলার ক্ষেত্রেও আগ্রহ প্রকাশ করেছে। একইসঙ্গে, গ্লোবাল ফাউন্ড্রিজের সঙ্গে বিশ্ববিদ্যালয়গুলির যৌথ উদ্যোগে একটি ইন্টার্নশিপ কর্মসূচি শুরুর পরিকল্পণাও আলোচনা হয়েছে, যাতে রাজ্যের ছাত্রছাত্রীরা উপকৃত হতে পারেন। এছাড়া, মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ জার্সি-ভিত্তিক উচ্চপ্রযুক্তি সংস্থা স্যানটেক গ্লোবাল ইনক পশ্চিমবঙ্গে সেমিকন্ডাক্টর শিল্পে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে। রাজ্য প্রশাসনের তরফে ইতিমধ্যেই সংস্থাটির সঙ্গে প্রাথমিক পরামর্শ শুরু হয়েছে। এই প্রেক্ষাপটে রাজ্য সরকার একটি পৃথক গ্লোবাল ক্যাপাবিলিটি সেন্টার নীতি তৈরির পথে এগোচ্ছে, যার পরামর্শ প্রক্রিয়া চলছে। নবান্নের তরফে আশা প্রকাশ করা হয়েছে, এই সব উদ্যোগের ফলে রাজ্যে একটি শক্তিশালী সেমিকন্ডাক্টর শিল্পভিত্তি তৈরি হবে। পাশাপাশি, রাজ্যের যুব সম্প্রদায়ের জন্যে অর্থবহ কর্মসংস্থানের সুযোগও তৈরি হবে।

# অপরাধের পরিসংখ্যান তুলে ধরে সাংসদকে বিঁধলেন প্রিয়াঙ্গু পান্ডে

## ব্যারাকপুর



**নিজস্ব প্রতিবেদন:** ভোটের প্রচারে বেরিয়ে গুন্ডারাজ শেষ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন ব্যারাকপুরের বর্তমান সাংসদ পার্থ ভৌমিক। কিন্তু ব্যারাকপুর থেকে গুন্ডারাজ কমেনি। উল্টে অপরাধ মূলক কাজকর্ম অনেক বেড়েছে। এই অভিযোগ তুলে বুধবার সাংবাদিক সম্মেলন করেন ভাটপাড়ার বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডে। প্রসঙ্গত, এক বছর অতিক্রান্ত পার্থ ভৌমিক ব্যারাকপুরের সাংসদ হয়েছেন। গত এক বছরের ব্যারাকপুরের অপরাধের খতিয়ান এদিন ভিডিওর মাধ্যমে তুলে ধরেন প্রিয়াঙ্গু পান্ডে। প্রাক্তন সাংসদ অর্জুন সিংয়ের বাড়িতে বোমা নিক্ষেপ থেকে শুরু করে, নৈহাটিতে অজয় প্রসাদকে পিটিয়ে হত্যা এবং জগদ্দলের কলাবাগান মোড়ের কাছে তাঁর ওপর হামলা-সহ গত এক বছরের ৩৪টি অপরাধের ঘটনা এদিন তিনি ভিডিওর মাধ্যমে তুলে ধরেন। প্রিয়াঙ্গুর দাবি, গত এক বছরে ঘটে যাওয়া অপরাধের ভিডিও চিত্র গোটা ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের পাঁচ লক্ষ মানুষের কাছে তিনি পৌঁছে দেবেন। তাঁর অভিযোগ, ব্যারাকপুর জুড়ে মদের ঠেক থেকে শুরু করে জুয়ার ঠেক, ইলেকট্রনিক্স সাট্টা, লোটোর রমরমা কারবার চলছে। কিশোর, যুবকরা নেশায় বুঁদ হয়ে পড়ছে। তাঁর দাবি, এক বছরের মধ্যে গুন্ডারাজ খতমের বদলে ব্যারাকপুরে গুন্ডারাজ কায়েম হয়েছে। তবে ব্যারাকপুর সংসদীয় ক্ষেত্রে গুন্ডারাজ বেড়েছে নাকি কমেছে, তা নিয়েই তৃণমূল সাংসদ পার্থ ভৌমিকের কাছে প্রশ্ন ছুঁড়ে দিলেন বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডে। গুন্ডারাজ খতম নিয়ে ভাটপাড়ার উপ-পুরপ্রধান দেবজ্যোতি ঘোষ বলেন, 'রাতারাতি ব্যারাকপুর সন্ত্রাসমুক্ত করা সম্ভব নয়। পুরো সন্ত্রাসমুক্ত করতে সময় লাগবে। তবে ব্যারাকপুরে অপরাধ মূলক কাজকর্ম অনেকটাই কমেছে। সর্বত্র সিসিটিভি ক্যামেরা লাগানো হলে অপরাধ আরও কমে যাবে।'





অভয়ার ন্যায়বিচারের দাবিতে আন্দোলনকারী জুনিয়র চিকিৎসকদের প্রতি সরকারের অগণতান্ত্রিক ও প্রতিহিংসামূলক সিদ্ধান্তের প্রতিবাদে মিছিল ডাক্তারদের।

# বডিগার্ড লাইন্সে কনস্টেবলের ঝুলন্ত দেহ উদ্ধার

**নিজস্ব প্রতিবেদন:** আলিপুর বডিগার্ড লাইনে উদ্ধার হল এক পুলিশ কর্মীর ঝুলন্ত দেহ। সূত্রে খবর, বেশ কিছুদিন ধরে তাঁর খোঁজ পাওয়া যাচ্ছিল না। এরপর বুধবার বিকেলের পরে তাঁর দেহের খোঁজ মেলে। মৃত পুলিশকর্মীর নাম সুখলাল মুর্মু। একইসঙ্গে জানানো হয়েছে, পুরুলিয়ার মানবাজারের বাসিন্দা তিনি। কর্মরত ছিলেন ফার্স্ট ব্যাটালিয়নে। সূত্রে খবর, ২৬ মে থেকে রোলকলে অনুপস্থিত ছিলেন তিনি। একইসঙ্গে পুলিশের তরফ থেকে এও জানানো হয়েছে, ৪ নম্বর ব্যারাকের ওপর তলার একটি ঘর থেকে ওই পুলিশকর্মীর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। ঘরটি অব্যবহৃত অবস্থায় পড়ে ছিল বলে খবর। এদিন সুখলালের দেহ উদ্ধারের পাশাপাশি তাঁর ব্যাগ থেকে একটি স্যুইসাইড নোটও উদ্ধার হয়। এদিকে বাঁ হাতের একটি চোটের কারণে মানসিক অবসাদে ভুগছিলেন। আর সেই কারণেই আত্মহত্যা বলে তিনি ওই স্যুইসাইড নোটে লিখে গিয়েছেন বলে জানা গিয়েছে পুলিশ সূত্রে।




দক্ষিণ কলকাতার হাইল্যান্ড পার্কে এখনও জমে বৃষ্টির জল।

# করোনা সচেতনতায় জোর কলকাতা পুরসভার

## ডেঙ্গু-ম্যালেরিয়াও নজরে, ভেক্টর কন্ট্রোলে জোর প্রশাসনের

**নিজস্ব প্রতিবেদন:** জুন মাস পড়তেই রাজ্যে আবার মাথাচাড়া দিচ্ছে করোনা সংক্রমণ। কোভিডে মৃত্যুও হয়েছে। এই পরিস্থিতিতে কলকাতা পুরসভার স্বাস্থ্য বিভাগ শহর জুড়ে চালিয়েছে ব্যাপক সচেতনতা অভিযান। ব্যানার, হোর্ডিং, লিফলেট বিলির মাধ্যমে সাধারণ মানুষকে সতর্ক করা হচ্ছে। মাস্ক পরা, জনবহুল জায়গা এড়িয়ে চলা, নিয়মিত স্যানিটাইজার ব্যবহারের বার্তা দেওয়া হচ্ছে প্রতিটি ওয়ার্ডে। কলকাতার ডেপুটি মেয়র অতীন ঘোষ জানান, 'রাজ্য সরকারের গাইডলাইন মেনেই দ্রুত ব্যবস্থা নেওয়া হচ্ছে। আতঙ্ক নয়, সচেতনতা জরুরি।' তিনি আরও বলেন, শহরে জনঘনত্ব অত্যন্ত বেশি। বাসিন্দা প্রায় ৪৫ লক্ষ, পাশাপাশি প্রতিদিন আরও ৬০ লক্ষ মানুষ আসেন-যান করেন। তাই মানুষকে নিয়ন্ত্রণ নয়, সচেতন করাই এখন মূল লক্ষ্য। এখনও পর্যন্ত আক্রান্তের সংখ্যা ৪৩২ জন। গত ২৪ ঘণ্টাতেই নতুন করে সংক্রমিত হয়েছেন ৬০ জন। যদিও এবারের করোনার প্রকোপ অতটা ভয়ঙ্কর নয়, তবে সংক্রমণের গতি উদ্বেগ বাড়াচ্ছে স্বাস্থ্য দপ্তরের। বর্তমানে মেট্রোপলিটন এলাকার মধ্যে ২২৬ জন করোনা আক্রান্ত, যার মধ্যে প্রায় ৬০ শতাংশই কলকাতার। এ অবস্থায় করোনা নিয়ন্ত্রণে নজরদারি আরও বাড়ানো হচ্ছে। এই উপলক্ষে বুধবার বাঘাযতীন রোডে ১১ নম্বর বোরো অফিসে আয়োজিত হয় একটি ইন্টার-সেক্টরাল বৈঠক। উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র অতীন ঘোষ,





বোরো চেয়ারম্যান তারকেশ্বর চক্রবর্তী, ১০৩ থেকে ১১৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর, স্বাস্থ্য আধিকারিকরা। বৈঠকে শুধু করোনা নয়, বর্ষা সামনে রেখে ডেঙ্গি ও ম্যালেরিয়া নিয়ন্ত্রণে পুরসভার ভেক্টর কন্ট্রোল টিমকে আরও সক্রিয় করার নির্দেশ দেওয়া হয়। ২০২৩ ও ২০২৪ সালের অভিজ্ঞতা মাথায় রেখে এবার শুরুতেই কড়া পদক্ষেপ নিচ্ছে প্রশাসন। পুরসভার তথ্য অনুযায়ী, ম্যালেরিয়ার হার আগের তুলনায় ৬৭ শতাংশ কমেছে। তবে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা গত বছরের সমান রয়েছে। তাই আগেভাগেই সতর্ক হতে চাইছে প্রশাসন। এছাড়াও রাস্তা, নালা বা পুকুরে আবর্জনা ফেললে সেই সব বাসিন্দার বিরুদ্ধে ৪৯৬ ও ৪৯৬ঙ ধারা অনুযায়ী নোটিশ দেওয়া হচ্ছে। ইতিমধ্যেই একাধিক ক্ষেত্রে মিউনিসিপাল কোর্টে মামলা দায়ের করা হয়েছে। করোনার নতুন ঢেউ আপাতত মারাত্মক না হলেও, শহরের ঘনবসতি ও বর্ষাকালে মশাবাহিত রোগের আশঙ্কা মাথায় রেখে, একযোগে সচেতনতা ও প্রতিরোধমূলক ব্যবস্থাকেই প্রাধান্য দিচ্ছে কলকাতা পুরসভা।

# রেলে চাকরি দেওয়ার নামে ৭ লক্ষ টাকার প্রতারণা, ধৃত ১


**নিজস্ব প্রতিবেদন:** সিভিক ভলান্টিয়ারকে রেলে চাকরি পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে হাতিয়ে নেওয়া হয়েছিল সাত লক্ষ টাকা। এরপর পুলিশের কাছে অভিযোগ দায়ের হতেই গ্রেপ্তার প্রতারক। পুলিশ সূত্রে খবর,অভিযুক্তের নাম সুব্রত পাল। উল্লেখ্য, প্রতিনিয়ত রেলের তরফ থেকে জানানো হচ্ছে কারও মাধ্যমে কেউ যেন চাকরির চেষ্টা না করেন। এমনকি প্যাসেঞ্জার ট্রেনেও শোনা যায় রেল দপ্তরের তরফ থেকে সচেতনতার বার্তা। সেখানে যে বার্তা দেওয়া হয় তার মর্মার্থ হল, টাকা দিয়ে চাকরির চেষ্টা যাতে কেউ না করেন। তবে এই সচেতনতার বার্তা আমজনতা ভুলে যান কেন্দ্রীয় সরকারের কোনও এক চাকরি পাওয়ার খবর কেউ দিলে। আর তা যদি দেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার এক আধিকারিক তাহলে সেটা না বিশ্বাস করার কোনও কারণও নেই। তবে গোড়াতেই গলদ। ফলে সিভিক ভলান্টিয়ারকে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার যে পরিচয় দেওয়া হয়েছিল তা ছিল পুরোটাই ভুয়ো। এরপরই ওই সিভিক ভলান্টিয়ার বুঝতে পারেন প্রতারিত হয়েছেন তিনি। এরপরই দায়ের হয় অভিযোগ। তাতেই ওই ভুয়ো সিবিআই অফিসার পড়েন পুলিশের জালে। পুলিশ সূত্রে খবর, গত ২৮ মে নারায়ণপুর থানার ওই সিভিক অভিযোগ করেন, মধ্যমগ্রামের বাসিন্দা সুব্রত পাল নামে এক ব্যক্তি তাঁর কাছ থেকে পূর্ব রেলের চাকরি দেওয়ার নাম করে পাঁচ দফায় সাত লক্ষ টাকা হাতিয়ে নিয়েছেন। তাঁকে 'অ্যাপয়েন্টমেন্ট লেটার'-ও হাতে দেওয়া হয়েছে। এরপর তাঁকে চিৎপুরে রেলওয়ে সাইডিংয়ে কাজ করানো হয়। প্রায় সাত দিন তিনি কাজ করেন। অভিযোগকারী ওই সিভিক ভলান্টিয়ার জানান, সুব্রতবাবু তাঁকে মৌখিকভাবে এও বলেন যে, আগামীতে শিয়ালদা পূর্ব রেলওয়ে দপ্তরে পোস্টিং করিয়ে দেবেন। এরপর অষ্টম দিনে যুবক চিৎপুরে রেলওয়ে অফিসের সামনে গেলে তাঁকে বাধা দেওয়া হয়। তাঁর অ্যাপয়েন্টমেন্ট লেটার দেখালে সেটিকে জাল বলে। এরপরই নারায়ণপুর থানার দ্বারস্থ হন তিনি। লিখিত অভিযোগও দায়ের করেন। এরপর মঙ্গলবার রাতে সুব্রত পালকে মধ্যমগ্রাম থেকে গ্রেপ্তার করা হয়। তাঁর বিরুদ্ধে প্রতারণা, সরকারি নথি জাল-সহ একাধিক ধারায় মামলার রুজু করা হয়েছে। এই ঘটনার পিছনে আর কারা কারা যুক্ত রয়েছে সেই সমস্ত বিষয় জানার চেষ্টা করছে নারায়ণপুর থানার তদন্তকারী আধিকারিকরা।

সম্পাদকীয়

## সংহতির পথে প্রধান বাধা তথাকথিত ধর্মীয় অসহিষ্ণুতা

বিবেকানন্দ ছিলেন প্রখর যুক্তিবাদী, তিনি ধর্মকে বেদান্তের আলোকে সুস্পষ্ট ভাবে ভারত তথা স্বদেশ ছাড়িয়ে সারা বিশ্বের কাছে তুলে ধরেছিলেন। ধর্ম যে একে অপরকে ভালবাসতে শেখায়, মানুষে মানুষে ভেদাভেদ মুছে ফেলতে শেখায়, দেশের বৃহৎ স্বার্থের কাছে নিজের স্বার্থকে তুচ্ছ ভাবাতে শেখায়, তা যে আশামূলক এবং গঠনমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে বাঁচতে শেখায়, বিবেকানন্দ সে কথাই আমাদের জানিয়ে দিয়েছেন। মানবিকতাই যে প্রকৃত অর্থে ধর্ম, তা বিবেকানন্দের জীবন থেকে স্পষ্টতই প্রতিভাত হয়। তথাকথিত হিন্দু, মুসলমান, খ্রিস্টান, বৌদ্ধ, শিখ সকল ধর্মের মানুষ নির্বিশেষে যদি ধর্মের এই প্রকৃত স্বরূপটিকে অস্বীকার করে এবং গোষ্ঠীগত আচার-আচরণকেই ধর্মের স্বরূপ বলে মনে করে, তা হলে তা নিছকই সাম্প্রদায়িকতায় আচ্ছন্ন থাকে। এই ভুলটাই আকছার চতুর্দিকে ঘটে চলেছে এবং তার ফল ভোগ করতে হচ্ছে মানুষকে। তাই ধর্মের প্রকৃত স্বরূপটি কী এবং রাজনৈতিক স্তরে ধর্মের গতিবিধি কত দূর হওয়া প্রয়োজন বা আদৌ প্রয়োজন কি না; তা বিশ্লেষণ করা বর্তমান সময়ে খুবই জরুরি। মননশীল মানুষরা ভারতবাসীকে ধর্মের কুপ্রভাব থেকে মুক্ত করতে চাইলেও সে কাজে সম্পূর্ণ সফল হননি। আজ যদিও আর্থিক উন্নতি ও পেশাগত পার্থক্যের কারণে ভারতে জাতিভেদ প্রথা অনেকটাই দুর্বল, তবুও ভারতীয় রাজনীতিতে জাতিভেদ প্রথার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। শিক্ষার প্রসারের মধ্য দিয়ে জাতিভেদ প্রথার বিভেদমূলক অপশক্তি কিছুটা স্তিমিত হতে পারে। যদিও তথাকথিত শিক্ষিতরা অনেকেই লোকায়ত মানুষের তুলনায় বেশি করে বিভেদভাবনায় জড়িয়ে পড়েন। বিভেদকামীদের সক্রিয়তা সত্ত্বেও ভারতের অন্তর্নিহিত সর্বধর্মসহিষ্ণুতা রক্ষা পেয়েছে এবং বিভিন্ন ধর্মের মানুষের মধ্যে সুন্দর সম্পর্ক ভারতের ঐক্যকে এখনও সেই অর্থে বিঘ্নিত করতে পারেনি। এ বিষয়ে সরকারি সদিচ্ছা বাড়াতে হবে, সংবাদমাধ্যমগুলিকেও ন্যায়ের পথে চলতে হবে। সংহতির পথে প্রধান বাধা যে তথাকথিত ধর্মীয় অসহিষ্ণুতা; তা আর বলার অপেক্ষা রাখে না। জানি না ব্যক্তিমানুষ কবে তা কাটিয়ে উঠতে পারবেন। তবে তার চেয়েও বড় বাধা আর্থিক বৈষম্য। প্রাদেশিক লড়াইয়ের অন্যতম কারণ অর্থনৈতিক প্রাধান্য বিস্তার। সাম্প্রতিক ঘটনাবলির দিকে তাকালে আমরা প্রত্যেকেই বিষয়টি বুঝতে পারি। যান্ত্রিক এই বিশ্বে বিবেকানন্দের সেই চরম অনুভূতির স্তরে পৌঁছনো আশু প্রয়োজন

## শব্দবাণ-২৯৩



শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ২.(আল.) কপট ধার্মিকতা, ভণ্ডামি ৫. বারকোশ ৬. সমাপ্ত, সাঙ্গ ৭ .ঠাকুরানি ৮. যজ্ঞ, হবন ১০. শহরের প্রধান প্রবেশপথ।

**সূত্র—উপর-নীচ:** ১.প্রখর, কড়া ২.শত্রুতা করা ৩. শরম, ব্রীড়া ৪. সেইসময়ের ৯. নিত্য,সর্বদা ১১. মাংস।


### সমাধান: শব্দবাণ-২৯২

**পাশাপাশি:** ১.নিবীত ৩.ভ্যাপসা ৫. সহস্র ৬. লক্ষণ ৭.জুবিলি ৯. অজপা ১১. মনন ১২. টহল।

**উপর-নীচ:** ১.নিবাস ২.তমিস্র ৩.ভ্যাজাল ৪. সারণ ৭.জুলুম ৮.লিখন ৯. অডিট ১০. পাগল।

## জন্মদিন

### আজকের দিন



যোগী আদিত্যনাথ

১৯৪৩ বিশিষ্ট রাজনীতিবিদ বি এস ইয়েদুরাপ্পার জন্মদিন।
১৯৫২ বিশিষ্ট চলচ্চিত্র নির্দেশক প্রকাশ ঝার জন্মদিন।
১৯৮৬ বিশিষ্ট হকি খেলোয়াড় সন্দীপ সিংয়ের জন্মদিন।

# প্রাচীন ভারতীয় সংস্কৃতির প্রাথমিকতা ছিল পরিবেশ রক্ষা এবং পরিবেশ সচেতনতা

তাপস চট্টোপাধ্যায়



গীতার ৩/১৯ এ উল্লেখ আছে, 'অন্নাদ ভবন্তি ভূতানি পর্জন্যাদন্নসম্ভবঃ/ যজ্ঞাদ্ ভবতি পর্জন্যো যজ্ঞ কর্মসমুদ্ভবঃ।' অর্থাৎ প্রাণিসকল অন্ন হইতে উৎপন্ন হয়, মেঘ হইতে অন্ন জন্মে, কর্ম হইতে যজ্ঞের উৎপত্তি, কর্ম বেদ হইতে উৎপন্ন জানিও।

পরিবেশ রক্ষা এবং পরিবেশ সচেতনতা এখন আর শুধুমাত্র পাঠ্যপুস্তকের সূচিতে নয়, বরং আধুনিক সভ্যতার টিকে থাকার বিষয়বস্তু হয়ে উঠেছে। বিশ্বজুড়ে বাজার অর্থনীতির অন্ধগলিতে পথ হারিয়ে, চাহিদা আর যোগানের টানাপোড়েনে ক্লান্ত ভারতবাসী ভুলতে বসেছে তার প্রাচীন ঐতিহ্যগত নৈতিকতাকে।

'পরিয়াবরণম' (paryavaranam) 'হাজারো বছর আগে প্রাচীন ভারতের এই সংস্কৃত শব্দের মূল আঙ্গিক ছিল 'পরিবেশ রক্ষা'। ভারতীয় সভ্যতার মূল আধার ছিল মানুষ এবং পরিবেশের সুষ্ঠু এবং স্থায়ী সন্তোলন। বিশ্বাস ছিল, জলে-স্থলে-অন্তরীক্ষে, সৌরমন্ডলের গ্রহ গ্রহান্তরে অহরহ আকর্ষণ-বিকর্ষণ, বিকিরণ, প্রতিফলন, সবকিছুই ঈশ্বর দ্বারা নিয়ন্ত্রিত। সেই কারণেই জীবজগতের অস্তিত্ব রক্ষার তাগিদেই প্রাচীন ভারতে পরিবেশ এবং ঈশ্বরকে একাসনে বসানো হতো।

ঐতিহাসিকদের মতে ভারতীয় ভূখণ্ডে পরিবেশ সচেতনতার ঐতিহ্য বৈদিক যুগের অনেক আগেই। প্রায় ৫০০০ বছর আগে উত্তর ভারতের সিন্ধু নদের অববাহিকায় প্রায় ২৮৮০ কিলোমিটার জুড়ে গড়ে উঠেছিল সিন্ধু সভ্যতা। বিশ্বের ইতিহাসে ভারতীয় উপমহাদেশের উত্তর পশ্চিম ভাগে গড়ে ওঠা এই সভ্যতাকেই প্রথম ভারতীয় সভ্যতা হিসাবে গণ্য করা হতো। বিস্তীর্ণ সেই জনপদে বসবাসকারী অধিবাসীদের জীবনযাত্রায় নির্ণায়ক ভূমিকায় ছিল সঠিক বাস্তুতন্ত্র এবং পরিবেশবান্ধব সহাবস্থান। ঐতিহাসিকদের মতে, বিশ্বজুড়ে যখন একাধিক সভ্যতার পত্তনে মানুষ রাজপ্রাসাদ, মিনার অথবা সুউচ্চ মন্দির নির্মাণে ব্যস্ত তখনই সিন্ধু প্রদেশের অধিবাসীদের মনোযোগ ছিল নিজেদের বাসস্থানকে উন্নতমানের বসবাসযোগ্য হিসেবে গড়ে তোলা।

পরবর্তীকালে প্রত্নতাত্ত্বিক খননের ফলে হরপ্পা এবং মহেঞ্জোদড়োর মতো দুটি প্রাচীন সভ্যতার রন্ধ্রে রন্ধ্রে আবিষ্কৃত হয় একাধিক উন্নতমানের জীবনশৈলীর অজস্র নিদর্শন। যথেষ্ট আলোবাতাস যুক্ত ঘর, প্রশস্ত পথ, পর্যাপ্ত কূপ এবং জলাধার, স্নানঘর, সার্বজনীন স্নানঘর, ভূগর্ভস্থ ঢাকা নিকাশি ব্যবস্থা সুরক্ষিত শস্য ভাণ্ডার, পরিবেশ রক্ষা এবং পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতা বৃদ্ধির উক্তি সম্বলিত একাধিক ফলক, এমন অনেক নিদর্শন যা আজও আধুনিক ভারতবাসীর কাছে যতটা বিস্ময়কর ততটাই বোধহয় প্রাসঙ্গিক। হরপ্পার নদীমাতৃক এই সভ্যতা শুধুমাত্র এতটুকুতেই থেমে থাকেনি, বিস্তীর্ণ এই জলপথকে পরিবহন এবং বাণিজ্যের মাধ্যম হিসেবে ব্যবহারের ক্ষেত্রে গুজরাতের লোথালে পেশাদারি দক্ষতায় গড়ে উঠেছিল বিশ্বে প্রথম টাইডাল ডকইয়ার্ড (জোয়ার নির্ভর জাহাজ মেরামতি কেন্দ্র)। প্রাচীন ভারতের অর্থশাস্ত্রের মতে জল হল সার্বজনীন সম্পত্তি, ব্যক্তিগত মালিকানাধীন নয়। তেমনই হরপ্পা সংস্কৃতিরও প্রাথমিকতা ছিল জলসংরক্ষণের মাধ্যমে তাকে সেচযোগ্য করা। প্রত্নতাত্ত্বিক খননের পরবর্তি সময়ে গুজরাটের ধোলাভীরায় মাটির নিচে আবিস্কৃত হয় বিশাল আকারের জলাধার এবং উন্নতমানের প্রযুক্তির মাধ্যমে তাকে সেচযোগ্য করার অভুতপূর্ব প্রয়াস। ১৮০ C.E.র কাছাকাছি সময়ে চোল রাজা কারিকালা নর্মদা নদীর ওপর যে বিশাল বাঁধ নির্মাণ করেছিলেন তার দ্বারা নদীর মূল ধারা সামান্যতম ব্যাহত হয় নি বরং প্রায় ৩০০০০ হেক্টর চাষযোগ্য জমিকে সেচযোগ্য করা সম্ভব হয়েছিল।

আর্য সভ্যতার মুখ্য ধারায় বাস্তুজ্ঞানবিষয়ক সচেতনতা ছিল এক উর্বর সভ্যতার সর্বাত্মক বিকাশ। সংস্কৃত শব্দ ' অরণ্যানী অর্থাৎ অরণ্যের রাণী',আর্য সভ্যতায় যাঁকে দেবী হিসেবে চিহ্নিত করা হতো। বৈদিক পর্যালোচনায় বারংবার অরণ্যানী মহিমান্বিত করে কখনও বলা হয়েছে শক্তির উৎস, আবার কখনো উদ্ভিজ্জ এবং প্রাণীজগতের পরিত্রাতা হিসেবে গণ্য করা হয়েছে।

ঋকবেদে বৃক্ষ কে 'বনস্পতি' হিসেবে মান্যতা দেওয়া হয়েছে। বলা হয়েছে, 'হাজারো শাখা প্রশাখায় অরণ্যের এই বৃক্ষরাজ কে পূজা করলে সমগ্র সৃষ্টির পূজা সাধিত হয়।' সেই কারণেই হিন্দু শাস্ত্রে যে কোন পূজাপার্বণ অথবা ধর্মীয় আচার আচরণের মুখ্য উপাচারে থাকে বৃক্ষ।

বৃক্ষ শুধুমাত্র হিন্দুদের আধ্যাত্মিক বিশ্বাসের আঙ্গিক ছিল না, একধিক ধর্মীয় আচার আচরনে বিস্তৃত ছিল। বটবৃক্ষকে কল্পতরু হিসাবে মাণ্যতা দেওয়া হতো। অনেক রাজ্যে নারকেল গাছকেও কল্পতরু হিসাবে দেখা হয়। ডুমুর গাছকে ব্রহ্মার বাসস্থান হিসেবেও চিহ্নিত করা হয়। আদিবাসী এবং জনজাতি অধ্যুষিত অঞ্চলে মহুয়া গাছ, মরুভূমিতে শামি গাছ, উত্তরের পার্বত্য অঞ্চলে চিউর গাছ, উত্তরাখন্ডের যোশিমঠে তুঁত গাছ, এমন অনেক গাছকে স্থানীয় বাসিন্দারা কল্পতরু হিসাবে মান্যতা দিয়ে থাকেন।

অথর্ববেদ মুখ্যত ওষধি বিষয়ক জ্ঞান সমন্বিত বিধান দ্বারা পুষ্ট যেখানে রোগ নিরাময়ের যাবতীয় ভেষজের উৎস হল প্রকৃতি। এই বেদে প্রধানত পাঁচটি উদ্ভিদ, গাঁজা, তুলসী, চন্দন, জুঁই এবং নিমকে রোগ নিরাময়ের ক্ষেত্রে অপরিহার্য হিসেবে চিহ্নিত করা হয়েছে। এ ছাড়াও অথর্ব বেদে আরো বহু উদ্ভিদজাত ফল, ফুল, পাতা, গাছের ছাল, কান্ড শিকড়ের অজস্র গুণাগুণের বর্ণনা আছে।

প্রকৃতি এবং পরিবেশের উপযোগিতা শুধুমাত্র বৈদিক আচার আচরণের মধ্যেই সীমাবদ্ধ ছিল না, সে যুগে সুশাসন এবং রাজ্য পরিচালনার ক্ষেত্রেও পরিবেশ বান্ধব ভাবনাচিন্তা অর্থনীতির আঙ্গিক হয়ে উঠেছিল। অর্থশাস্ত্রে কৌটিল্যের পরামর্শ ছিল 'অভয়ারণ্য বা অভয়াবন' নির্মানের পক্ষে। যেখানে বৃক্ষ এবং পশুরা নির্ভয়ে বিচরণ করতে পারে। এই অঞ্চলের যাবতীয় দায়িত্বভার থাকবে বন অধীক্ষকের দায়িত্বে। এমনকি অভয়ারণ্যের বৃক্ষ এবং পশুপাখিদের যে কোনও ক্ষতিসাধনের জন্য কঠোর সাজারও সংস্থান ছিল।

যজুর্বেদের ৬/২২ এ আছে, 'ওওম মাপো মৌষধীর্হংসীর্ধাম্নো ধাম্নো রাজোঁস্তুতো বরুন নো মুঞ্চ।/যদাহুরঘ্নাংইয়ি বরুণেতি শপামহে ততো বরুণ নো মুঞ্চ।/ সুমিত্রিয়া ন আপ ওষধয়ঃ সন্তু দুর্মিত্রিয়াস্তু স্তস্মৌ সন্তু যৌস্মান দ্বেষ্টি যং চ বয়ং দ্বিষ্মঃ।।' অর্থাৎ, হে প্রজাগণের প্রতিপালক, জলকে কখনও দূষিত করো না, বৃক্ষ এবং বনভূমি কখনও ধ্বংস করো না ।পানীয় এবং পুষ্টিবর্ধক উপাদানসমূহ সর্বদা সর্বত্র সহজলভ্য হউক। হে ন্যায়ের প্রতিপালক! পানীয়, বৃক্ষ এবং বনভূমি এবং গাভীসমূহ পবিত্র। তাহাদেরকে নষ্ট কোরো না। আমরা সকলে ইহাতে কৃত সংকল্প হইতেছি, তুমিও সেইরূপ হও। তোমার অনুগ্রহে পানীয় এবং বৃক্ষসমূহ আমাদের মিত্রের ন্যায় সুখদায়ক হউক। কিন্তু যাহারা আমাদের উপর আঘাত হানে এবং আমাদের পবিত্রতাকে বিনষ্ট করে সেই সকল শত্রুদের নিকট বৃক্ষ এবং জল শত্রুবৎ প্রকটিত হউক।

প্রাচীন ভারত সামাজিক, অর্থনৈতিকভাবে সম্পূর্ণরূপে ছিল কৃষিনির্ভর, ফলে স্বভাবতই দৈনন্দিন জীবনযাপনের মূল ধারায় যুক্ত হয়েছিল প্রকৃতি এবং পরিবেশের সাথে গভীর একাত্মতা। জীবন জীবিকার সুরক্ষা এবং উন্নতমানের জীবন যাত্রার পক্ষে প্রকৃতি এবং পরিবেশের যাবতীয় অনুসঙ্গ একসময় আধ্যাত্মিক বিশ্বাসের অঙ্গ হয়ে উঠেছিল। প্রাকৃতিক আইন (ঈবৎসায়ন ১৯৯৫২২৭) এর অঙ্গ হিসেবে বিশেষ বিশেষ বৃক্ষ এং উদ্ভিজ্জ যেমন, বট, অশ্বত্থ, বেল, নিম, শাল, কলাগাছ ইত্যাদি ঈশ্বরিক আরাধনার মূল উপাদান হয়ে ওঠে। পাহাড় পর্বত থেকে নদ নদী উপনদীকে দেবদেবীর রূপ হিসাবে বিবেচিত হয়। সিন্ধু, গঙ্গা, যমুনা, ব্রহ্মপুত্র, মহানদী, নর্মদা, তাপ্তি, গোদাবরী, কৃষ্ণা, কাবেরী, এমন একাধিক নদী হিন্দুদের কাছে দেবীর মর্যাদায় পূজিত হয়। মহাভারতে 'গিরি গোবর্ধন' এর উল্লেখ অথবা উত্তর পূর্ব ভারতের বিস্তৃত হিমালয় পর্বতমালায় অবস্থিত কৈলাশকে স্বয়ং মহদেব এবং তাঁর পরিবারের বাসস্থান হিসাবে কল্পনা করা হয়।

প্রাচীন ভারতীয় সভ্যতার সেই মূল আঙ্গিক পরিবেশ সচেতনতা আজকের প্রজন্মের কাছে ভাবনার বিষয়বস্তু নয়। অরণ্যনিধনে ব্যস্ত আধুনিক সভ্যতা নগরায়ন পত্তনে ব্যস্ত। একদিকে বৃক্ষ কেটে জলাশয় বুজিয়ে তৈরী হচ্ছে আকাশছোঁয়া বহুতল, অন্যদিকে তারই ব্যালকনি আর ড্রইংরুমে প্লাস্টিকের টবে চলছে বৃক্ষরোপন। বনাঞ্চল এখন পরিবেশের অঙ্গ নয় বরং অর্থনীতির বিষয় হয়ে দাঁড়িয়েছে। বিপন্ন সভ্যতার গলায় কবিগুরুর আর্তনাদ, হে নবসভ্যতা! হে নিষ্ঠুর সর্বগ্রাসী, /দাও সেই তপোবন পূণ্যচ্ছায়ারাশি...।'

# সৌরঝড়ের কবলে পৃথিবী

অনুভব বেরা



সম্প্রতি প্রবল শক্তিশালী সৌর ঝড় আছড়ে পড়ায় ব্রিটেন, রাশিয়া শহর বিভিন্ন দেশে এমনকি ভারতের লাদাখের আকাশে দেখা দিল মেরুপ্রভা (অরোরা)। প্রত্যক্ষদর্শীদের বর্ণনায় কেউ যেন সারা রাত ধরে আকাশের গায়ে বিভিন্ন রকম আলোর রং দিয়ে খেলা করছে। সম্প্রতি ঘটা ( ১১ থেকে ১৪ মে) এই সৌরঝড় (সোলার ফ্লেয়ার) নিয়ে আমজনতার মধ্যে তৈরি হয়েছে আগ্রহ ।তার সঙ্গে জুড়েছে আতঙ্ক ও কুসংস্কার। বিজ্ঞান ও প্রযুক্তির যুগে আজও অনেকে সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের নিয়ে কুসংস্কারাচ্ছন্ন, সৌরঝড় কি তার নতুন সংযোজন?

সৌরঝড় হয় সূর্যের অতি সক্রিয়তার জন্য। বৈজ্ঞানিক অনুসন্ধানে জানা গেছে ১১ বছর পর পর সূর্য একটু বেশি সক্রিয় হয়ে ওঠে। সূর্য অতি সক্রিয় হচ্ছে বোঝা যায় সৌরকলঙ্ক বাড়ছে দেখে। সূর্যের ফটোস্পেয়ারে দেখা যায় সৌর কলঙ্ক। ১৬১০ সালে টেলিস্কোপ দিয়ে অস্তগামী সূর্য দেখে সৌর কলঙ্কের কথা জেনে ছিলেন গ্যালিলিও। আরো নিশ্চিত হয়ে ঘোষণা করে ছিলেন ১৬১২ সালে। সৌর কলঙ্ক আদতে সূর্যের গায়ে কালো কালো দাগ। বিজ্ঞানীদের মতে ওখানকার তাপমাত্রা কম থাকায় কালো দেখায়। সূর্যের আলোক মন্ডলের তাপমাত্রা ৬০০০ ডিগ্রি সেন্টিগ্রেড হয়, যেখানে সৌর কলঙ্কের তাপমাত্রা মোটামুটি ৪০০০ ডিগ্রি সেন্টিগ্রেডের মতো। পৃথিবীর মতো সূর্যেরও চৌম্বক ক্ষেত্র রয়েছে। সৌরকলঙ্কের জায়গায় চৌম্বক চাপ বেশি হয়। ১০/৯/২০২১ এর হিসেব অনুযায়ী সূর্যের ১২৪টি সানস্পট বা সৌরক কলঙ্ক ছিল (এই সংখ্যা বাড়ে আর ধীরে ধীরে কমতেও থাকে)। সৌর কলঙ্কের কাছে সূর্যের প্লাজমা অবস্থায় থাকা বস্তুর সঙ্গে চৌম্বক ক্ষেত্রের ক্রিয়ার ফলে প্লাজমা বিস্ফোরিত হয়। ফলে সৌর ঝলকের আকারে প্লাজমা উদগীরণ হয়। এই সৌর উদগীরণে প্লাজমা আহিত কণা এবং নানা শক্তির রশ্মি (মাইক্রো তরঙ্গ, রেডিও তরঙ্গ, এক্স রশ্মি, গামা রশ্মি, অতিবেগুনি রশ্মি) মহাশূন্যে ধেয়ে আসে। পৃথিবীর দিকে উদগীরণ হলে তারা আসে পৃথিবীতে। সূর্য ঝলকের কণা ও রশ্মি পৃথিবীতে এসে আঘাত করলে তৈরি হয় চৌম্বক ঝড়। তখন পৃথিবীর চুম্বকক্ষেত্র তার আবহমন্ডলে আসা বেশিরভাগ কণাকে আটকে দেয়। কিন্তু মেরু অঞ্চলে চুম্বক বলরেখা কম থাকায় সেখানে বায়ুকে আয়নিত করে তথা মেরুজ্যোতি তৈরিতে ভূমিকা নেয়। সূর্যের সক্রিয় অবস্থাতেই অরোরা বোরিয়ালিস বা নর্দান লাইট (উত্তর গোলার্ধে) এবং অরোরা অস্ট্রেয়ালিস (দক্ষিণ গোলার্ধে) দেখতে পাওয়া যায়। এটা কোনো অলৌকিক ঘটনা নয়। অনেকক্ষেত্রে পৃথিবীর দিকে সৌর ঝড় যদি অতি প্রবল শক্তিশালী ও দীর্ঘস্থায়ী হয় (করোনাল মাস ইজেকশন) তখন মরুপ্রভার সাথে অন্যান্য কুপ্রভাব পড়ে পৃথিবীতে। যেমন, নিচু কম্পাঙ্কের রেডিও সম্প্রসারণ বাধা প্রাপ্ত হওয়া, বিদ্যুৎ গ্রিড ব্যবস্থায় ক্ষতি, পৃথিবীর চুম্বক মন্ডলের আবরণীর বাইরে থাকা উপগ্রহগুলির ক্ষতি, উপগ্রহগুলো বেশি পৃথিবীর দিকে আকর্ষিত হওয়া ইত্যাদি ইত্যাদি। ২০০৩ সালে সৌর ঝড়ের প্রভাবে সুইডেনের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়, দক্ষিণ আফ্রিকার 'পাওয়ার ট্রান্সফরমার' ক্ষতিগ্রস্ত হয়। সবচেয়ে বড় সৌরঝড় হয়েছিল কানাড়ার কুইবেক প্রদেশে টানা ৯ ঘন্টা নিস্প্রদীপ হয় ঐ অঞ্চল। সৌরঝড়ে সবচেয়ে মারাত্মক কুপ্রভাব পড়ে ইন্টারনেট পরিষেবার উপর। বিভিন্ন সময় এই ঝড়ের প্রভাবে ইন্টারনেট পরিষেবা ব্যাহত হওয়ায় কি অবস্থা তৈরি হয় তা হাড়ে হাড়ে টের পেয়েছে বিশ্ব। মে মাসের এই সৌর ঝড় বিগত ৫০ বছরের মধ্যে সবচেয়ে শক্তিশালী বলে মনে করছেন বিজ্ঞানীরা। এই পরিস্থিতিতে এনওএএ (ন্যাশনাল ওশেনিক এন্ড অ্যাটমোসস্ফিয়ারিক অ্যাডমিনিস্ট্রেশন, ইউএসএ) পৃথিবীর কক্ষপথে থাকা কৃত্রিম উপগ্রহ নিয়ন্ত্রণকারী সংস্থাকে ইন্টারনেট পরিষেবার ব্যাপারে সতর্ক করেছিল।

সৌর ঝড়ে কি গ্রিন হাউজ প্রভাব বাড়তে পারে? এই ঝড় মানুষ সহ জীবজন্তু গাছপালার উপর কি প্রভাব ফেলতে পারে? সৌর ঝড়ের কি পূর্বাভাস সম্ভব? এই বিষয়ে গবেষণার প্রয়োজন আছে। এতে মানুষের কৌতূহল নিরসন হবে সাথে সাথে আতঙ্কও দূর হবে। সৌর ঝড়ের ছবি 'নাসা' ও 'আদিত্য -১' এর ক্যামেরায় ধরা পড়েছে। ছবিগুলির বিশ্লেষণ চলছে। আশা করা যায় এই বিশ্লেষণে অনেক নতুন তথ্য পাওয়া যাবে। আধুনিক গবেষণায় জানা গেছে সৌর ঝড় যদি আমাদের দিকে ধেয়ে আসে তা জানতে পারব আমরা ১২-১৩ ঘন্টা আগে। কিন্তু করণীয় কিছুই থাকবে না হাতে। যা ঘটার ঘটবে, আর আমাদের তা মেনে নিতে হবে।

### লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com

## সিতাইয়ের বেহাল ‘বিজয় বৈদ্য সেতু’তে ঝুঁকির চলাচল

# তৃণমূল উদাসীন, অভিযোগ বিজেপির

**নিজস্ব প্রতিবেদন, সিতাই:** সিতাইয়ের গিরিধারী নদীর উপর নির্মিত বিজয় বৈদ্য সেতু ভেঙে পড়ার ঘটনাকে কেন্দ্র করে ফের রাজ্য প্রশাসনের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানাল বিজেপি। সোশ্যাল মিডিয়ায় প্রকাশিত এক পোস্টে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের উদাসীনতাকেই এই ঘটনার জন্য দায়ী করেছে গেরুয়া শিবির।



বিজেপির অভিযোগ, স্থানীয় বাসিন্দারা বহু বছর ধরে এই সেতুর জরাজীর্ণ অবস্থা নিয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করে এসেছেন। একাধিকবার লিখিত ও মৌখিকভাবে জানানো হলেও, সেতু সংস্কারের কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। অবশেষে সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে সেই সেতু। তবু এখনো জেগে ওঠেনি প্রশাসন। সেতু বিপজ্জনক হয়ে পড়লেও সেখানে চালু রয়েছে যান চলাচল। এমনকী ভারী গাড়িও দিব্যি যাতায়াত করছে। বিজেপির প্রশ্ন, এমন ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে প্রশাসন কোনও ব্যবস্থা নিল না কেন? কেন যান চলাচল বন্ধ করে বিকল্প পথের বন্দোবস্ত করা হল না? সোশ্যাল মিডিয়ায় বিজেপি লিখেছে, তৃণমূল সরকারের উদাসীনতার আরেকটি নগ্ন প্রমাণ সিতাইয়ের বিজয় বৈদ্য সেতু। সেতুটি সম্পূর্ণ ভেঙে পড়েছে, তবু যান চলাচল অব্যাহত। প্রশাসনের ঘুম ভাঙবে কবে বড়সড় দুর্ঘটনা ঘটলে?

স্থানীয়দের আশঙ্কা, যে কোনও মুহূর্তে প্রাণঘাতী দুর্ঘটনা ঘটতে পারে। অথচ প্রশাসনের তরফে নেই কোনো সতর্কতা, নেই কোনো ব্যারিকেড। বিজেপির দাবি, অবিলম্বে এই সেতুর সংস্কার ও যান চলাচলে নিষেধাজ্ঞা জারি করুক প্রশাসন; তা না হলে বড় বিপদের দায় তৃণমূল সরকারকেই নিতে হবে। যদিও এই বিষয়ে স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে কোনও মন্তব্য পাওয়া যায়নি।

## আরামবাগে চাকরিহারা শিক্ষকদের স্কুলে ফেরানোর দাবিতে ছাত্রদের মানববন্ধন

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** আরামবাগ শহরের হাসপাতাল মোড়ে বুধবার অনুষ্ঠিত হল মানববন্ধন কর্মসূচি। ২৬ হাজার চাকরিহারা শিক্ষকদের চাকরি ফিরিয়ে দেওয়ার দাবিতে এসইউসিআই নামে বামপন্থী দলের ছাত্র সংগঠন এই মানববন্ধন কর্মসূচি করে। এই কর্মসূচির জেরে আরামবাগ শহরের ব্যস্ততম রাস্তা লিঙ্ক রোড অবরুদ্ধ হয়ে পড়ে। জানা গেছে, প্রায় এক ঘণ্টা ধরে এই মানব বন্ধন কর্মসূচি চলে। এই কর্মসূচিতে ছাত্রছাত্রী ছাড়াও শিক্ষকরা উপস্থিত ছিল। ছাত্রছাত্রীরা প্রশ্ন তোলে, আমরা কি স্যার ম্যাডামদের ক্লাস করব না। আমাদের শিক্ষক শিক্ষিকাদের উপর হামলা হল কেন? আমাদের শিক্ষক শিক্ষিকাদের যোগ্য সম্মানের সঙ্গে স্কুলে ফেরাও। আমাদের স্যার, ম্যাডামদের নয়, দুর্নীতিগ্রস্তদের গ্রেপ্তার কর। অন্যদিকে মানব বন্ধনে সামিল শিক্ষকরা আওয়াজ তোলেন, দুর্নীতির সঙ্গে যুক্তদের অবিলম্বে শাস্তি চাই। ন্যায়ের লড়াইয়ে আমরা স্যার, ম্যাডাম। এই বিষয়ে এক ছাত্র বলে, শিক্ষকরা যে ন্যায়সংগত আন্দোলন করছিল তাতে পুলিশের আক্রমণের নিন্দা করছি। এটা জাতির লজ্জা। এরই প্রতিবাদে এই মানব বন্ধন। অপরদিকে বিশিষ্ট শিক্ষক আজেদ আলি বলেন, পুলিশ শিক্ষকদের উপর বর্বরোচিত হামলা করেছে। এটা মেনে নেওয়া যায় না। একটা স্বাধীন দেশে কিভাবে এটা হয়। শিক্ষকরা জাতির মেরুদণ্ড। সভ্যতাকে এগিয়ে নিয়ে যাওয়ার কারিগর। তাদের চাকরি কেড়ে নেওয়া হয়েছে। ২৬ হাজার শিক্ষক আজ অসহায়ভাবে দিন কাটাচ্ছে। এদের চাকরি অবিলম্বে ফেরানোর ব্যবস্থা করতে হবে। যদিও এটা কোর্টের বিচারাধীন রয়েছে। তবে রাজ্য সরকারের উচিত অবিলম্বে এই সমস্ত শিক্ষক শিক্ষিকাদের চাকরি ফেরানোর ব্যবস্থ করা। এই দাবি নিয়েই মানববন্ধন কর্মসূচি।



*তৃণমূলের অপশাসন, দুর্নীতি, বঞ্চনা এবং অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য ও পশ্চিমবঙ্গে সুশাসন প্রতিষ্ঠিত করার অঙ্গীকার নিয়ে বীরভূম সাংগঠনিক জেলার সাঁইথিয়া বিধানসভার, মাঠপলসা অঞ্চলের কুনুড়ি গ্রাম থেকে ১৫০টি পরিবার তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান করল।*

# স্মার্ট মিটারে বিদ্যুতের বিল বৃদ্ধির অভিযোগ, ক্ষুব্ধ ব্যান্ডেলবাসীরা

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** নতুন মিটারে বাড়ছে বিদ্যুতের বিলও! এবার এই অভিযোগ ঘিরে বিড়ম্বনায় ব্যান্ডেলের বাসিন্দারা। স্মার্ট মিটার নিয়ে রাজ্যবাসীর এখন চরম বিভ্রান্তি। বিভিন্ন জেলায় গ্রামাঞ্চলে জোর করে স্মার্ট মিটার বসিয়ে দেওয়া হচ্ছে বলে অভিযোগ। ব্যান্ডেল কেওটা শরৎ পার্কের বাসিন্দা দম্পতি সুশান্ত জোশেফ ও পম্পা জোশেফ। তাঁদের বাড়িতে স্মার্ট মিটার বসেছে গত মাসে। চলতি মাসে বিল এসেছে প্রায় বারো হাজার টাকা।



পম্পা জোশেফ বলেন, ‘আমরা স্মার্ট মিটার বসাতে চাইনি। জোর করে বসিয়ে দিয়ে গিয়েছে। এখন বিল দেখে মাথায় হাত। কী করে এক মাসে বারো হাজার টাকা দেব!’ সুশান্ত গুজরাটে থাকেন। বাড়িতে দুই মেয়ে নিয়ে থাকেন। তাঁর স্বামী গুজরাট থেকে মেল করে মুখ্যমন্ত্রী, বিদ্যুৎমন্ত্রী, বিদ্যুৎ দপ্তরে চিঠি করে অভিযোগ জানিয়েছেন। তিনি বলেন, ‘আমরা চাই পুরনো মিটার ফিরিয়ে দেওয়া হোক।’

হুগলি রিজিয়ন বিদ্যুৎ দপ্তরের রিজিওন্যাল ম্যানেজার মধুসূদন রায় গ্রাহকের কনজিউমার নম্বর সার্চ করে তথ্য নিয়ে জানান, স্মার্ট মিটার বসানোর পর ওই গ্রাহক ৫১৭ ইউনিট বিদ্যুৎ খরচ করেছেন। আগের মিটারে ৮৪৪ ইউনিট বাকি ছিল। পুরনো বিল ব্যবস্থায় কোয়ার্টারলি অর্থাৎ তিন মাসের বিল একসঙ্গে করা হত। যে তিন মাস বিদ্যুৎ খরচ হত, তার পরের তিন মাস সেই বিল দেওয়ার সুযোগ থাকত। এখন স্মার্ট মিটারে প্রতি মাসে বিল দিতে হবে। প্রথম বার বিলের ক্ষেত্র যেহেতু বকেয়া বিদ্যুৎ খরচের হিসাব ধরা হচ্ছে, তাই বেশি মনে হতে পারে।

তাঁর কথায়, সেক্ষেত্রে যদি কোনও গ্রাহক বিদ্যুৎ দপ্তরের অফিসে আবেদন করেন, তিনি কিস্তির সুযোগ পাবেন। স্মার্ট মিটার নিয়ে ভয় পাওয়ার কিছু নেই বলেও আশ্বাস দিয়েছেন তিনি।

# ‘ধর্ম আগে, বাকি সব পরে’, নন্দীগ্রাম থেকে সনাতনীদের বার্তা শুভেন্দু অধিকারীর

**নিজস্ব প্রতিবেদন, নন্দীগ্রাম:** ‘ধর্ম আগে, বাকি সব পরে’ বিধানসভা ভোটের দুই বছর আগেই সনাতনী হিন্দুদের উদ্দেশে সোজাসাপটা বার্তা দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বুধবার নন্দীগ্রাম-২ ব্লকের আমড়াতলা সমবায় কৃষি উন্নয়ন সমিতির নির্বাচনে জয়ী ৪১ জন বিজেপি প্রার্থীকে সংবর্ধনা জানাতে এসে এই মন্তব্য করেন তিনি। সেখান থেকেই রাজ্যের সনাতনীদের উদ্দেশে তাঁর বার্তা, হিন্দু ধর্মের লোকেদের উপরেই এই রাজ্যে অত্যাচার করা হয়। তাই আমি বলছি; ধর্ম আগে, বাকি সব পরে। বিধানসভা নির্বাচনে কোনও সনাতনী মমতা বন্দ্যোপাধ্যায়কে ভোট দেবেন না। এর পাশাপাশি দার্জিলিং জেলা কংগ্রেস সভাপতি ও কংগ্রেস নেতা শঙ্কর সরকারের তৃণমূলে যোগ দেওয়ার প্রসঙ্গ তুলে শুভেন্দু বলেন, উনি তো ২০২১ সালে ভোটে দাঁড়িয়েছিলেন। সামান্য ভোট পেয়েছিলেন। রাজ্যে কংগ্রেসের কোনও অস্তিত্ব নেই। আর ওখানে তৃণমূল করারও লোক নেই। ভোটে দাঁড়ানোর লোক নেই। তাই ওই এলাকায় আইপ্যাক নেতারা বাড়ি বাড়ি ঘুরে বেরোচ্ছে। এইসব করে কোনও লাভ হবে না। লোকসভায় রাজু বিস্তা ৭০ হাজার ভোটে এগিয়ে ছিলেন।



অনুব্রত মণ্ডলের প্রসঙ্গেও তোপ দেগে শুভেন্দু বলেন, অনুব্রত মুখ্যমন্ত্রীর ভাই। ওর কিছুই হবে না। বরং এখন আইসির মোবাইল বাজেয়াপ্ত হয়েছে। এবার বিচারবিভাগীয় তদন্ত হবে। তারপর সাসপেন্ড হবে। বোলপুর থানার আইসি হিন্দু, তাই এই রাজ্যে হিন্দুদের উপর অত্যাচার করা হয়।

## বালুরঘাট সদর হাসপাতালে যোগ দিলেন ১৮ জন চিকিৎসক

**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাট সদর হাসপাতালে যোগ দিলেন ১৮ জন চিকিৎসক। এর ফলে স্বাস্থ্য পরিষেবা এবং চিকিৎসা ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলবে বলে আশা করা হচ্ছে। উল্লেখ্য, পর্যাপ্ত চিকিৎসক না থাকায় স্বাস্থ্য পরিষেবা প্রদানের ক্ষেত্রে বেশ সমস্যায় পড়তে হচ্ছিল হাসপাতাল কর্তৃপক্ষকে। নানা সময় বিভিন্ন অভিযোগ উঠে আসছিল। বিশেষ করে ফরেন্সিক বিভাগে কোনও বিশেষজ্ঞ চিকিৎসক ছিলেন না। এর ফলে রহস্যজনকভাবে মৃত্যু হওয়া কোনও ব্যক্তির দেহ ময়নাতদন্তের জন্য এলে বেশ সমস্যা দেখা দিত। সেই সমস্ত বিশেষ ক্ষেত্রে দেহ মালদায় পাঠাতে হত। এরই মধ্যে অ্যানেসথেসিয়া, সার্জেন, অস্থি, ফরেন্সিক বিভাগ সহ অন্যান্য বিভাগ মিলিয়ে প্রায় ১৮ জন চিকিৎসক যোগদান করার ফলে চিকিৎসা পরিষেবার উন্নতি ঘটবে বলেই মনে করা হচ্ছে।

এ বিষয়ে বালুরঘাট সদর হাসপাতালের সুপার কৃষ্ণেন্দু বিকাশ বাগ জানান, চিকিৎসকের ঘাটতি বালুরঘাট হাসপাতালে অনেকদিন ধরেই রয়েছে। এই ১৮ জন চিকিৎসক যোগদানের ফলে বিভিন্ন বিভাগে চিকিৎসার ক্ষেত্রে ভালো করে পরিষেবা দেওয়া যাবে। পাশাপাশি এখন থেকে জরুরি বিভাগে একসঙ্গে দু’জন চিকিৎসক থাকবেন।

## নিজের জয় নিয়ে আত্মপ্রত্যয়ী কালীগঞ্জের বিজেপি প্রার্থী



**নিজস্ব প্রতিবেদন, কালীগঞ্জ:** নিজের নির্বাচনী এলাকাতে জনসংযোগ ও নির্বাচক মণ্ডলীর আশীর্বাদ নিতে কালীগঞ্জ উপনির্বাচনের বিজেপি প্রার্থী আশিস ঘোষ বুধবার মাটিয়ারী পঞ্চায়েত ও ফরিদপুর পঞ্চায়েত এলাকায় নির্বাচনী প্রচার করেন এবং সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন। তিনি নিজের জয়ের বিষয়ে আত্মপ্রত্যয়ী বলেই জানান। তিনি বলেন, ‘এই বিধানসভার বিভিন্ন এলাকা সকাল থেকে ঘুরছি, মানুষের সঙ্গে কথা বলছি। মানুষ তৃণমূলের অত্যাচার, দুর্নীতি নিয়ে অভিযোগ করছে। আমি নিশ্চিত মানুষ আমাদেরকেই ভোট দেবে। আমরাই জয়ী হব।’

## প্রেমের সম্পর্কের জন্যই ভাড়াবাড়িতে গৃহবধূ খুন, সুরাত থেকে গ্রেপ্তার দুষ্কৃতী

**নিজস্ব প্রতিবেদন, পুরুলিয়া:** পুরুলিয়ার রঘুনাথপুর শহরে গৃহবধূ খুনের ঘটনায় একজনকে গ্রেপ্তার করল রঘুনাথপুর থানার পুলিশ। ধৃতের নাম বামাপদ ওরফে অর্জুন ঘোষ। তার বাড়ি মুর্শিদাবাদের সালারে। ধৃতকে বুধবার রঘুনাথপুর মহকুমা আদালতে তোলা হলে বিচারক তাকে ৭ দিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন।

গত মাসের ১৮ তারিখ রঘুনাথপুর শহরের ১ নম্বর ওয়ার্ডের ভাড়াবাড়ি থেকে বছর ৩২-এর মামনি দুবে নামে এক গৃহবধূর রক্তাক্ত গলাকাটা মৃতদেহ উদ্ধার হয়। পুলিশ তদন্ত শুরু করে। সেই খুনের ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে গুজরাতের সুরাত থেকে অর্জুন ঘোষ নামে এক যুবককে গ্রেপ্তার করে পুলিশ। জানা যায়, ধৃতের বাড়ি মুর্শিদাবাদের সালারে হলেও, সে দীর্ঘদিন ধরেই দুর্গাপুরে একটি ঘিয়ের দোকান চালাত। সেখানেই মামনির সঙ্গে পরিচয় হয় অর্জুনের। ধীরে ধীরে প্রেমের সম্পর্ক তারপরেই অবৈধ সম্পর্কে জড়িয়ে পড়ে।

সম্পর্কের টানাপোড়েনে এই খুন বলে পুলিশ সূত্রে জানা যায়। অসম থেকে গত মাসের ১৭ তারিখ প্রথমে তাঁকে খুন করার পরিকল্পনা করে পুরুলিয়ার জয়চণ্ডী পাহাড় এলাকায়। কিন্তু সেখানে পারিকল্পনা ভেস্তে যাওয়ায় ১৮ তারিখ মামনির স্বামী দেবাশিস তাঁর কর্মস্থলে রঘুনাথপুরের একটি বেসরকারি ইস্পাত কারখানায় কাজে চলে যান, তারপরেই ভাড়াবাড়িতে এসে উপস্থিত হয় খুনি। মামনিকে প্রথমে থাপ্পড় মারে, তারপরেই গলায় গামছা দিয়ে ফাঁস দিয়ে অজ্ঞান করে গলায় ধারালো অস্ত্র দিয়ে গলার নলি কেটে দেয়। সেখান থেকেই গা ঢাকা দেয় অর্জুন। পুলিশ তদন্তে নেমে জানতে পারে গুজরাতের সুরাতে রয়েছে খুনি। রঘুনাথপুরের এসডপিও রোহেদ শেখের নেতৃত্বে একটি বিশেষ দল গঠন করে পুরুলিয়া জেলা পুলিশ।

পুরুলিয়া থেকে তদন্তকারী দল গিয়ে গ্রেপ্তার করে নিয়ে আসে তাকে। ১৪ বছর আগে বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাঁটি থানা এলাকার যুবক দেবাশিস দুবের সঙ্গে মামনির বিয়ে হয়। দেবাশিস রঘুনাথপুরের একটি বেসরকারি স্টিল প্ল্যান্টের কর্মী। এই বছরের ফেব্রুয়ারি মাসে স্ত্রী ও সন্তানকে নিয়ে এই ভাড়াবাড়িতে ওঠেন। ঘটনার কয়েক দিন আগে তাদের সন্তান চলে যায় মামা বাড়িতে। ঘটনার সময় মামনি একাই ছিলেন বাড়িতে।

দুপুরে স্ত্রীকে বারবার ফোন করলেও কোনও সাড়া না পেয়ে দেবাশিস বাড়ি ফিরে চলে এলে দেখেন, রক্তাক্ত অবস্থায় মেঝেতে পড়ে রয়েছেন স্ত্রী। খবর দেওয়া হয় রঘুনাথপুর থানার পুলিশকে। পুলিশ সঙ্গে সঙ্গে তাঁকে উদ্ধার করে রঘুনাথপুর সুপার স্পেসিলিটি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন। এরপরই শহরজুড়ে আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়। দোষীদের গ্রেপ্তারের দাবি ওঠে। এর মধ্যে পুলিশ খুনিকে গ্রেপ্তার করতে সক্ষম হয় বলে দাবি। বুধবার বিকেলে পুরুলিয়ার বেলগুমা পুলিশ লাইনে একটি সাংবাদিক সম্মেলন করে পুরুলিয়ার পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায় পুরো ঘটনাটি জানান।

# মেমারি-দিঘা রুটে এসবিএসটিসির বাস উদ্বোধন

**নিজস্ব প্রতিবেদন, মেমারি:** পূর্ব বর্ধমান জেলার মেমারি পুরসভা তথা চেয়ারম্যান স্বপন বিষয়ীর উদ্যোগে মেমারি থেকে দিঘা এসবিএসটিসির একটি বাস উদ্বোধন করা হয়। ৫ জুন থেকেই এই বাস পরিষেবা চালু হবে।



অফলাইন ও অনলাইনে টিকিট কাটা যাবে বলে জানান, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার চেয়ারম্যান সুভাষ মণ্ডল। এই বাসটি মেমারি নতুন বাস ট্যান্ড থেকে সকাল ছ’টায় ছেড়ে পাণ্ডুয়া, মগরা, ডানকুনি, মেচেদা, কোলাঘাট, কাঁথি হয়ে দিঘায় পৌঁছবে বেলা ১২৪৫ মিনিটে এবং দিঘা থেকে বেলা ১১টায় ছেড়ে মেমারি পৌঁছবে বিকেল পাঁচটায়। মেমারি থেকে দিঘা বাস ভাড়া মাত্র ২০৯ টাকা। অনুষ্ঠান মঞ্চে উপস্থিত ছিলেন উদ্বোধক জিলা পরিষদ সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার চেয়ারম্যান সুভাষ মণ্ডল, ডাইরেক্টর মানস মজুমদার, ম্যানেজার ঋদ্ধিমান সিনহা, মেমারি বিধায়ক মধুসূদন ভট্টার্চা, ডিএসপি, মেমারি থানার ওসি, জেলা পরিষদ কর্মাধ্যক্ষ নিত্যানন্দ ব্যানার্জি সহ পুরসভার কাউন্সিলর ও পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষগণ।

এই মঞ্চে চেয়ারম্যান সুভাষবাবুর কাছে দাবি রাখেন খুব শীঘ্রই মেমারি দিঘা এসি বাস দেওয়ার জন্য। মঞ্চ থেকে নিত্যানন্দ ব্যানার্জি ঘোষণা করেন, ১০ জুলাই থেকে মেমারি ১ ব্লকের পুরোহিতদের দফায় দফায় জগন্নাথ দর্শনে নিয়ে যাবেন। উপস্থিত অতিথিবৃন্দ আশা রাখেন এই বাসটি ঠিকমতো প্যাসেঞ্জার থাকলে এসি বাস সহ আরও বাস মেমারি থেকে দেওয়া হবে। বাসটির ফিতে কেটে উদ্বোধন করেন জেলা সভাধিপতি ও এসবিএসটিসির চেয়ারম্যান, পরে অতিথিবৃন্দ মঞ্চ থেকে পতাকা নাড়িয়ে বাসটির যাত্রা সূচনা করেন।


ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

**জোনাল অফিস, কলকাতা উত্তর**
ইন্ডিয়ান ব্যাঙ্ক বিল্ডিং, জিডি - ৩৭৭- ৩৭৮, দ্বিতীয় ফ্লোর, সেক্টর - ৩, সল্ট লেক, কলকাতা - ৭০০১০৬, ইমেল : zokolkatanorth@indianbank.co.in

**লকার ভেঙে খোলার নোটিশ**

ইন্ডিয়ান ব্যাঙ্কের নিম্নোক্ত শাখাগুলির নিম্নোক্ত লকারহোল্ডারগণকে ব্যাঙ্ক কর্তৃক একাধিক তাগাদার নোটিশ দেওয়া সত্ত্বেও যে সকল লকারহোল্ডার লকারের ভাড়া দেননি বা কোনও উত্তর দেননি তাদের উদ্দেশ্যে পলিসি নোটিশ জারি করা হয়েছে।
নিম্নোক্ত লকার হোল্ডারগণকে জানানো হচ্ছে এই বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে লকারের ভাড়া প্রদান না করা হলে ব্যাঙ্ক সংশ্লিষ্ট লকার ভেঙে খুলতে বাধ্য হবে।
অনুগ্রহ করে অবগত হোন লকারের মধ্যে থাকা যাবতীয়, যদি কিছু থাকে, বিক্রি করা হবে এবং লকারের ভাড়া উশুল করা হবে এবং ব্যাঙ্ক অবশিষ্ট ভাড়া বকেয়া আদায়ের জন্য আইনি প্রক্রিয়া শুরু করবে সংশ্লিষ্ট লকার হোল্ডারদের বিরুদ্ধে।

| ক্র. নং. | শাখার নাম | লকার ভাড়াকারীগনের নাম | সেভি. অ্যাকা. নং | বকেয়া পরিমানের বিশদ টাকায় | লকারের বকেয়া যখন থেকে |
|---|---|---|---|---|---|
| ১ | এম.কে.রোড শাখা | সীমা সিং | ৪৫০১৭৭৬৭৮৯ | ১২৫৮৭/- | ৩০/০৬/২০২১ |
| ২ | | আশীষ খান্ডেলওয়াল | ৪৫০১৩৫৫৪০১ | ১০৫৮৭/- | ৩০/০৬/২০২১ |
| ৩ | | মনীষা সোন্থালিয়া | ৯৯১৫১৪২২৯৪ | ১২৭৩৪/- | ০৬/০৭/২০২১ |
| ৪ | | রঞ্জিত প্রসাদ জয়সওয়াল | ৯৯১৫১৪২৫০১ | ১২৭৩৪/- | ০৬/০৭/২০২১ |

তারিখ : ০৫.০৬.২০২৫
স্থান: কলকাতা
অনুমোদিত অফিসার
ইন্ডিয়ান ব্যাঙ্ক



SBI
**স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, দক্ষিণবঙ্গ**
জীবন দীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রীট, কলকাতা-৭০০ ০৭১
ফোন: (০৩৩) ২২৮৮-৪৪৩৭, ফ্যাক্স: (০৩৩) ২২৮৮- ৪৩০২, ই-মেইল: sbi.15196@sbi.co.in

| | |
|---|---|
| **মেসার্স আনাগ এন্টারপ্রাইজেস প্রাঃ লিঃ** শ্রাচী টাওয়ার, ৪র্থ তল, ৬৮৬, আনন্দপুর, ইএম বাইপাস, কলকাতা-৭০০১০৭। | **মেসার্স আনাগ এন্টারপ্রাইজেস প্রাঃ লিঃ** গ্রাম : খুরামপুর, তহসিল - ফারুক নগর, জেলা: গুরগাওঁ, হরিয়ানা, পিন- ১২২৫০৬ |

| | | |
|---|---|---|
| **শ্রী আশিস কুমার মৈত্র, (মেসার্স আনাগ এন্টারপ্রাইজেস প্রাঃ লিঃ -এর ডিরেক্টর কাম গ্যারান্টর)** এডি-৩৪১, সল্টলেক, সেক্টর-১, কলকাতা-৭০০০৬৪। | **শ্রী অলোক কুমার ব্যানার্জি, (মেসার্স আনাগ এন্টারপ্রাইজেস প্রাঃ লিঃ -এর ডিরেক্টর কাম গ্যারান্টর)** এফই-৮৮, সল্টলেক, সেক্টর-৩, কলকাতা-৭০০০৯১। | **শ্রী কমলেন্দু নাথ সান্যাল, (মেসার্স আনাগ এন্টারপ্রাইজেস প্রাঃ লিঃ -এর ডিরেক্টর কাম গ্যারান্টর)** এ/৫, মিগ বিল্ডিং, ওয়ার্ড নং ৪৭, ব্যাঁটরা, হাওড়া-৭১১ ১০৪। |

রেফা. নং- SARB/SB/2025-26/KK/117 তারিখ: ২১.০৫.২০২৫
প্রিয় মহাশয় / মহাশয়া,
**বিষয়:- স্থাবর সুরক্ষিত সম্পদ/বন্ধকীকৃত সম্পত্তি বিক্রয়ের জন্য সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) এর অধীনে বিজ্ঞপ্তি।**
**মেসার্স আনাগ এন্টারপ্রাইজেস প্রাঃ লিঃ**
**এ/সি নং- (১) ৩০০৪৩৫১৫৬৩২ (টিএল) (২) ৩০৩৮৮৫৩৫০৫৫ (টিএল) (৩) ১০৫০২৮৭০৭৫৩ (সিসি ) (৪)৩১৯০৮৭৫৩৯৩১ (অ্যাডহক সিসি)**
আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করছি ০৯/০৬/২০১৫ তারিখের নোটিশের প্রতি যা আর্থিক সম্পদের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর সেকশন ১৩(২) এর অধীনে জারি করা এবং ২৩/১১/২০২১ তারিখের দখল বিজ্ঞপ্তির প্রতি উল্লিখিত সংশ্লিষ্ট অ্যাকাউন্টে । কিন্তু আপনি উপরের নোটিশে উল্লিখিত পাওনা পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন। অতএব, সারফেইসি এক্ট, ২০০২ এর বিধান এবং তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট), রুলস ২০০২ এর প্রাসঙ্গিক রুল অনুসারে ব্যাঙ্ক কর্তৃক পরিচালিত ই-অকশনে নীচে উল্লিখিত রিজার্ভ মূল্যে উক্ত সুরক্ষিত সম্পদ বিক্রয়ের জন্য এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যদি আপনি এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৩০ দিনের মধ্যে সুদ, খরচ, চার্জ এবং ব্যয় সহ সম্পূর্ণ বকেয়া অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন এবং উক্ত বিধির পরিশিষ্ট ৪-এ অনুসারে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট), রুলস ২০০২ এর রুল ৮(৬) এবং রুল ৯(১) এর অধীনে বিক্রয় বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হবে।

**সুরক্ষিত সম্পদ যা বিক্রি করা হবে:**
অফিস স্পেস নং ৩ডি, ৪র্থতলে, সুপার বিল্ট আপ এরিয়া ১৭৪৪ বর্গফুট কমবেশি সংশ্লিষ্ট ভবনে পরিচিত শ্রাচি টাওয়ার, এবং ২ টি ঢাকা কার পার্কিং স্পেস নং বি-৭, এবং বি-৮, বেসমেন্টে উক্ত ভবনে এবং অবিভক্ত লিজ অধীন সম্পত্তির যথাযথ ভাগ অংশ অধিকার জমির পরিমাণ আনুমানিক ৪৩.২৪ কাঠা , প্লট নং ১-২৫/বি/১ , পূর্ব কলকাতা অঞ্চল উন্নয়ন প্রকল্প অনুযায়ী প্রেমিসেস নং ৬৮৬, আনন্দপুর, ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস, থানা : কসবা, জেলা : দক্ষিণ ২৪ পরগনা, নথিভুক্ত মেসার্স অনঙ্গ এন্টারপ্রাইজেস প্রা লি এর নামে উল্লেখ্য হস্তান্তর তথা নিযুক্ত দলিল নং ১-১২৯১০।
**সংরক্ষিত মূল্য : ১.৮৯ কোটি টাকা।**
এতদ্বারা আবারও আপনাদের অবগতির জন্য জানানো হচ্ছে যে, ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ধারা ১৩ এর উপ ধারা (৮) সংস্থানের প্রতি আপনাদের মনোযোগ অকর্ষণ করা হচ্ছে।

**তারিখ: ০৫.০৬.২০২৫, স্থান: কলকাতা** **অনুমোদিত অফিসার, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**



SBI
**স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ II, কলকাতা**
‘জীবনদীপ বিল্ডিং’ ১১তম তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০০৭১
ইমেল ঃ sbi.18192@sbi.co.in
**ই-নিলাম নোটিশ**

অনুমোদিত অফিসারের বিস্তারিত ঃ নাম ঃ সুরেশ চন্দ্র পান্ডা, ইমেল আইডি ঃ sbi.18192@sbi.co.in, মোবাইল নং ঃ ৯৮১০৫৬২৮০৩

**পরিশিষ্ট IV-A [রুল ৮(৬) সংস্থান দ্রষ্টব্য]**
**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**
২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিনকস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে স্থাবর সম্পদ বিক্রয় নিমিত্ত ই-নিলাম বিক্রয় নোটিশ

**ই-নিলামের তারিখ এবং সময় ঃ ১০.০৭.২০২৫**
সময় ঃ দুপুর ১২টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ১০ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ প্রতিটি ডাকের জন্য সহ

এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ) কে বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট নিম্নোক্ত বন্ধকদত্ত/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি যা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া জামিন অধীনে ঋণদাতার অনুমোদিত অফিসার কর্তৃক **কার্যকরী দখলীকৃত ১০.০৭.২০২৫** তারিখে **‘যেখানে যেমন আছে’, যেখানে যা আছে’** এবং **‘যেখানে যে অবস্থায় আছে’** বিক্রি করা হবে **৫৮,৫৫,৮১,২৭৪.০০ টাকা দাবি নোটিশ তারিখ** ২৭.০৩.২০২৩ অনুযায়ী পরবর্তী সুদ, মূল্য, চার্জ ইত্যাদি সহ জামিন অধীনে ঋণদাতার নিকট বকেয়া আদায় করা হবে ঋণগ্রহীতা **মেসার্স পূজা টাইলস অ্যান্ড স্যানিটারি প্রা. লি.(ঋণগ্রহীতা) এবং মনোজ কুমার গয়াল, পূজা গয়াল (জামিনদাতাগণ)** এর কাছ থেকে।

| নং | জ্ঞাত দায়বদ্ধতা সহ স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ, যদি কিছু থাকে | ই-নিলামের বিস্তারিত |
|---|---|---|
| ১ | **অংশ ১ :** সংশ্লিষ্ট সকল অংশ প্লট দাগ নং ৮০৮ ( ২ কাঠা ৫ লেচাস) ৮০৯ (২ কাঠা ৮ লেচাস) উভয়ের কেপি পাট্টা নং ৬৭, অবস্থিত ব্রহ্মপুত্র ইন্ডাস্ট্রিয়াল পার্ক, গৌরীপুর রাজস্ব গ্রাম -সিলা,মৌজা : সিলা সেঁদুরী ঘোপা, জেলা : কামরূপ (গ্রামীণ), গুয়াহাটি ৭৮১০৩১, অসম, পরিমাণ মোট এরিয়া ৪ কাঠা ১৩ লেচাস, **বিক্রয় দলিল নং ১৪৪৯/২০১৪,স্বত্বাধিকারী শ্রী মনোজ কুমার গয়াল।** **অংশ ২ :** সংশ্লিষ্ট সকল অংশ বাণিজ্যিক প্লট দাগ নং ৮১৫, কেপি পাট্টা নং ৯৮, অবস্থিত ব্রহ্মপুত্র ইন্ডাস্ট্রিয়াল পার্ক, গৌরীপুর রাজস্ব গ্রাম-সিলা, মৌজা : সিলা সেঁদুরী ঘোপা, জেলা : কামরূপ (গ্রামীণ), গুয়াহাটি,৭৮১০৩১, অসম, পরিমাণ মোট এরিয়া ১ কাঠা ১৪ লেচাস, **বিক্রয় দলিল নং ১৪৫০/২০১৪, স্বত্বাধিকারী শ্রী মনোজ কুমার গয়াল।** **অংশ ৩ :** সংশ্লিষ্ট সকল অংশ বাণিজ্যিক প্লট তদস্থিত অফিস ভবন দাগ নং ৮০৭ ( ৩ কাঠা ১৩ লেচাস), ৮১১ (৩ কাঠা ১০ লেচাস) উভয়ের কেপি পাট্টা নং ১৮৭, অবস্থিত ব্রহ্মপুত্র ইন্ডাস্ট্রিয়াল পার্ক, গৌরীপুর রাজস্ব গ্রাম-সিলা, মৌজা : সিলা সেঁদুরী ঘোপা, জেলা : কামরূপ (গ্রামীণ), গুয়াহাটি, ৮৭১০৩১, অসম, পরিমাণ মোট এরিয়া : ১ বিঘা, ২ কাঠা ৩ লেচাস। **বিক্রয় দলিল নং ১৪৪৮/২০১৪ স্বত্বাধিকারী শ্রী মনোজ কুমার গয়াল।** | **১. সংরক্ষিত মূল্য : ৫৩,৯৩,০০,০০০ টাকা,** **২. ৫,৯৩,০০,০০০ টাকা,** **৩. বর্ধিতকরণ পরিমাণ : ৫,০০,০০০ টাকা,** **৪. দায়বদ্ধতার বিস্তারিত : সোসাইটি বকেয়া, বিদ্যুৎ, হোল্ডিং কর ইত্যাদি।** **৫. পর্যবেক্ষণ তারিখ এবং সময় : ০২.০৭.২০২৫, বেলা ১১ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত।** **দখলের ধরন : প্রতীকী দখল** |

বিক্রয়ের বিশদ নিয়ম এবং শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইট www.sbi.co.in এবং নির্দিষ্ট ই-নিলামের জন্য নির্দিষ্ট লিঙ্কে দেওয়া লিঙ্কটি দেখুন https://baanknet.com/eauction-psb/x-login.

তারিখ ঃ ০৫.০৬.২০২৫
স্থান ঃ কলকাতা
সংশ্লিষ্ট ক্ষেত্রে কোনও বিতর্কের সৃষ্টি হলে ইংরাজি মাধ্যমকেই সঠিক গণ্য করতে হবে
অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া



SBI
**স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, দক্ষিণবঙ্গ**
জীবন দীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রীট, কলকাতা-৭০০ ০৭১
ফোন: (০৩৩) ২২৮৮-৪৪৩৭, ফ্যাক্স: (০৩৩) ২২৮৮- ৪৩০২, ই-মেইল: sbi.15196@sbi.co.in

| | |
|---|---|
| **শ্রীমতী রিয়া ঘোষ** ফ্ল্যাট নং ৭০৩, টাওয়ার সি-৬ এর ৭ম ফ্লোর , ‘ইডেন সিটি’ মহেশতলা, হোল্ডিং নং- বি-১৯০/এ/১, নিউ বজবজ ট্রাঙ্ক রোড, ওয়ার্ড নং-৩১, কলকাতা- ৭০০১৩৭ | **শ্রী এস.এস. রামাসুব্রামনিয়ান** ফ্ল্যাট নং ৭০৩, টাওয়ার সি-৬ এর ৭ম ফ্লোর, ‘ইডেন সিটি’ মহেশতলা, হোল্ডিং নং-বি-১৯০/এ/১, নিউ বজবজ ট্রাঙ্ক রোড, ওয়ার্ড নং-৩১, কলকাতা- ৭০০১৩৭ |
| **শ্রীমতী রিয়া ঘোষ** ফ্ল্যাট নং ৪/এফ/১, বাটা ফ্যাক্টরির কাছে বাটা হাউজিং কমপ্লেক্স, বাটা নগর, মহেশতলা, দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা-৭০০১৩৭ | **শ্রী এস.এস. রামাসুব্রামনিয়ান** ফ্ল্যাট নং ৪/এফ/১, বাটা ফ্যাক্টরির কাছে বাটা হাউজিং কমপ্লেক্স, বাটা নগর, মহেশতলা, দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা-৭০০১৩৭ |
| **শ্রীমতী রিয়া ঘোষ** সিববাটি, ডঃ এস.পি. ঘোষ রোড, বাগবাজার চন্দননগর, হুগলি, পিন- ৭১২১৩৬ | **শ্রী এস.এস. রামাসুব্রামনিয়ান** সিববাটি, ডঃ এস.পি. ঘোষ রোড, বাগবাজার চন্দননগর, হুগলি, পিন- ৭১২১৩৬ |

রেফা. নং- SARB-SB/2025-26/KK/104 তারিখ: ১৭.০৫.২০২৫
প্রিয় মহাশয় / মহাশয়া,
**বিষয়:- স্থাবর সুরক্ষিত সম্পদ/বন্ধকীকৃত সম্পত্তি বিক্রয়ের জন্য সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) এর অধীনে বিজ্ঞপ্তি।**
**অ্যাকাউন্ট- মিসেস রিয়া ঘোষ এবং শ্রী এস.এস. রামাসুব্রামনিয়ান**
**এ/সি নং- [এইচবিএল এ/সি নং- ৩৭৫৮২০৪৩২৯৮, সুরক্ষা এ/সি নং ৩৭৫৮২১২৬৭৭৬ এবং ওএনএসটিএ টপ-আপ এ/সি নং-৩৯৩২৩০৭১২৩৯]**
আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করছি ০১/০৩/২০২৩ তারিখের নোটিশের প্রতি যা আর্থিক সম্পদের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর সেকশন ১৩(২) এর অধীনে জারি করা এবং ০৪/০৭/২০২৩ তারিখের দখল বিজ্ঞপ্তির প্রতি উল্লিখিত সংশ্লিষ্ট অ্যাকাউন্টে । কিন্তু আপনি উপরের নোটিশে উল্লিখিত পাওনা পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন। অতএব, সারফেইসি এক্ট, ২০০২ এর বিধান এবং তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট), রুলস ২০০২ এর প্রাসঙ্গিক রুল অনুসারে ব্যাঙ্ক কর্তৃক পরিচালিত ই-অকশনে নীচে উল্লিখিত রিজার্ভ মূল্যে উক্ত সুরক্ষিত সম্পদ বিক্রয়ের জন্য এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যদি আপনি এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৩০ দিনের মধ্যে সুদ, খরচ, চার্জ এবং ব্যয় সহ সম্পূর্ণ বকেয়া অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন এবং উক্ত বিধির পরিশিষ্ট ৪-এ অনুসারে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট), রুলস ২০০২ এর রুল ৮(৬) এবং রুল ৯(১) এর অধীনে বিক্রয় বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হবে।

**সুরক্ষিত সম্পদ যা বিক্রি করা হবে:**
সংশ্লিষ্ট সকল অংশ স্বয়ংসম্পূর্ণ বসবাসের ফ্ল্যাট নং ৭০৩, টাইলসের মেঝে, লিফট সুবিধা সহ, ৮মতলে, টাওয়ার সি-৬, পরিমাণ সুপার বিল্ট আপ এরিয়া ১২৩৬ বর্গফুট কমবেশি ইডেন সিটি মহেশতলা , পুরসভা হোল্ডিং নং বি১-৯০/এ/ ১ নিউ বজ বজ ট্রাঙ্ক রোড, পো : সারেঙ্গাবাদ, থানা : মহেশতলা, মৌজা : সারেঙ্গাবাদ, জেলা : দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, কলকাতা, ওয়ার্ড নং ৩১, মহেশতলা পুরসভা অধীন, এবং অবিভক্ত সম্পত্তির যথাযথ ভাগ অংশ এবং স্বার্থ চাতাল টাওয়ারের জমি এবং সকলের ব্যবহারের সুবিধা, এরিয়া, পরিষেবা ইত্যাদি ভোগ দখলের অধিকার সমন্বিত সংশ্লিষ্ট বসবাসের কমপ্লেক্সে। সম্পত্তির রেজিস্ট্রিকৃত উল্লেখ্য হস্তান্তর দলিল নং ১-২৩৬৮- ২০১৮ সালের, সম্পত্তি ১) শ্রী এস এস রামসুব্রমনিয়ান এবং ২) শ্রীমতি রিয়া ঘোষ এর নামে, এবং নথিভুক্ত এডিএসআর বেহালা, দক্ষিণ ২৪ পরগনা, বুক নং ১, ভলুম নং ১৬০৭-২০১৮, পৃষ্ঠা ৭৭৭৪৩ থেকে ৭৭৭৮৯, দলিল নং ১৬০৭০২৩৬৮-২০১৮ সালের ।
**সংরক্ষিত মূল্য : ২৭.৬০ লাখ টাকা।**
এতদ্বারা আবারও আপনাদের অবগতির জন্য জানানো হচ্ছে যে, ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ধারা ১৩ এর উপ ধারা (৮) সংস্থানের প্রতি আপনাদের মনোযোগ অকর্ষণ করা হচ্ছে।

**তারিখ: ০৫.০৬.২০২৫**
**স্থান: কলকাতা**
**অনুমোদিত অফিসার**
**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**

# রাজকীয় সংবর্ধনা বিরাটদের



**বেঙ্গালুরু:** অবশেষে আইপিএলের রাজা কিং কোহলি। ১৮তম আইপিএলে এসে খেতাব জিতলেন ১৮ নম্বর জার্সির অধিকারী বিরাট কোহলি।

নতুন রাজা পেল আইপিএল। চেন্নাই, মুম্বই বা কলকাতার বৃত্ত থেকে বেরিয়ে এবার আইপিএলের ট্রফি যাবে বেঙ্গালুরু শহরে। ১৮ বছর পর আইপিএল জিতল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। আইপিএলে ট্রফি-খরা কাটল বিরাট কোহলির। মঙ্গলবার আমেদাবাদেই আরসিবি সমর্থকদের উৎসাহ ছিল চোখে পড়ার মতো। বুধবার বেঙ্গালুরুতে কাপ নিয়ে যাবেন কোহলিরা।

তবে হুডখোলা বাসে কোহলিদের শহর ঘোরার পরিকল্পনা আচমকাই বাতিল হল। পুলিশের অনুমতি পাওয়া গেল না। ফলে বাতিল করতে হচ্ছে ভিক্টরি প্যারেড। বেঙ্গালুরুতে যানজট নিত্যসঙ্গী। কোহলিদের ভিক্টরি প্যারেডের জন্য সেই যানজট আরও ভয়াবহ রূপ নিতে পারে বলে আশঙ্কা পুলিশের। সেই কারণেই আরসিবি-কে ভিক্টরি প্যারেডের অনুমতি দিল না তারা। উল্লেখ্য, বিকেল ৫টা থেকে ভিক্টরি প্যারেড হওয়ার কথা ছিল।

আরসিবি-র পক্ষ থেকে জানানো হয়েছিল, ভিক্টরি প্যারেড হবে বেঙ্গালুরুতে। বুধবার সেই উৎসব শুরু হবে দুপুর ৩.৩০ থেকে। বেঙ্গালুরুর বিধান সৌধ থেকে চিন্নাস্বামী স্টেডিয়াম পর্যন্ত চলবে ভিক্টরি প্যারেড। আরসিবি-র তরফে সমাজমাধ্যমে লেখা হয়েছে, 'বেঙ্গালুরুতে আরসিবি ভিক্টরি প্যারেড হবে। এটা তোমাদের জন্য। আমাদের দ্বাদশ ব্যক্তি। প্রতি বছর চিৎকারে, কান্নায় তোমরা পাশে থেকেছ। তোমাদের পাশে থাকাটা রাজকীয়। এই জয়ের মুকুট তোমাদের প্রাপ্য।'

মঙ্গলবার ট্রফি জয়ের পর কোহলির মুখে ছিল সমর্থকদের কথা। তিনি বলেছিলেন, 'এই ট্রফি দলের জন্য যতটা, ততটাই সমর্থকদের জন্য। ১৮টা বছর পেরিয়ে গিয়েছে এই দিনটা দেখতে। এই দলটাকে নিজের যৌবন, নিজের সেরা সময় এবং অভিজ্ঞতা দিয়েছি। প্রত্যেক মরসুমে ট্রফি জেতার আপ্রাণ চেষ্টা করেছি, নিজের সবটা দিয়েছি। তাতেও ট্রফি পাইনি। অবশেষে এই দিনটা দেখতে পাওয়া অবিশ্বাস্য এক অনুভূতি।'

কিন্তু ভিক্টরি প্যারেড বাতিল হয়ে যাওয়ায় নতুন পরিকল্পনা অনুযায়ী বিকেল ৫টা থেকে উৎসব শুরু হবে চিন্নাস্বামী স্টেডিয়ামে। এক ঘণ্টার অনুষ্ঠান হওয়ার কথা। বিকেল ৪টে নাগাদ কোহলিরা কর্নাটকের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়ার বাসভবনে যাবেন তাঁর সঙ্গে দেখা করতে। সেখান থেকে সোজা চিন্নাস্বামী স্টেডিয়ামে চলে যাবে দল। সকলকে স্টেডিয়ামে প্রবেশ করতে দেওয়া হবে না। বিশেষ পাস থাকবে সমর্থকদের জন্য। পুলিশের তরফে চিন্নাস্বামী স্টেডিয়ামে আসার জন্য মেট্রো ব্যবহার করতে বলা হয়েছে। কারণ সেখানে গাড়ি রাখার জন্য খুব বেশি জায়গা পাওয়া যাবে না বলে জানিয়ে দেওয়া হয়েছে। পুলিশের তরফে বলা হয়েছে দুপুর ৩টে থেকে রাত ৮টা পর্যন্ত সিবিডি অঞ্চল এড়িয়ে যাওয়ার জন্য।

এদিকে, প্রথমবার আইপিএল জয়ের আনন্দে আত্মহারা বেঙ্গালুরুর সমর্থকরা। কোহলিরা আমেদাবাদে ট্রফি জিততেই সমর্থকরা উৎসবে মেতে ওঠেন বেঙ্গালুরুতে। সেই উৎসবে এতটাই বিশৃঙ্খলা ছড়ায় যে পুলিশকে লাঠি চালাতে হয়। কোহলিরা জিততেই সারা দেশে উৎসব শুরু হয়ে যায়। বোঝা যায় বেঙ্গালুরুর ভক্ত গোটা দেশেই রয়েছে। কিন্তু সবচেয়ে বেশি বিশৃঙ্খলা হয় বেঙ্গালুরুতেই।

বেঙ্গালুরুর বিভিন্ন জায়গায় সমর্থকরা উল্লাস করছিলেন। সেই সময় এসভিপি চকে গন্ডগোল হয়। সমর্থকদের উৎসবের কারণে রাস্তায় যানজট তৈরি হয়েছিল। পুলিশ সমর্থকদের রাস্তা থেকে সরিয়ে দেওয়ার জন্য লাঠি চালায় বলে অভিযোগ। তাতেই গন্ডগোল হয়। অনেকে পুলিশকেই দোষ দিচ্ছেন। শান্তিপূর্ণ উৎসবে পুলিশ লাঠি চালিয়েছে বলে অভিযোগ। বিশেষজ্ঞদের ধারণা, এই ঝামেলার জন্যই এদিন বাতিল করা হয়েছে ভিক্টরি প্যারেড।

ঘড়িতে ৩টে বাজার আগেই বেঙ্গালুরুতে পা রাখে আরসিবি দল। বিমানবন্দর থেকে টিম বাসে করে সোজা হোটেলে চলে যান পাতিদার অ্যান্ড কোং। কোহলিদের অভ্যর্থনা জানাতে আইপিএলের ট্রফির মতো দেখতে কেক তৈরি করা হয় হোটেলের তরফে। ছিল ব্যান্ডও। বেঙ্গালুরুর রাস্তায় প্রচুর মানুষ অপেক্ষা করছিলেন কোহলিদের জন্য। বিধানসভার সামনেও প্রচুর সমর্থক ছিল। সেখানে মুখ্যমন্ত্রী এবং আরও অনেকে কোহলিদের অভ্যর্থনা জানানোর জন্য তৈরি ছিলেন। কোহলিদের স্বাগত জানাতে বেঙ্গালুরুর বিমানবন্দরে কর্নাটকের উপমুখ্যমন্ত্রী ডিকে শিবকুমার উপস্থিত ছিলেন। অন্যদিকে, চিন্নাস্বামী স্টেডিয়ামে সমর্থকদের ভিড় উপচে পড়ার মতো। সেখানে বিশৃঙ্খলা তৈরি হয়। সমর্থকদের উপর লাঠি চালাতে বাধ্য হয় পুলিশ।

বিকেল ৫টা নাগাদ বিধান সৌধে পৌঁছে যান বিরাটরা। আইপিএল জয়ী দলের ক্রিকেটারেরা লাল জামা পরে ছিলেন। সেই জামায় লেখা চ্যাম্পিয়ন্স। বিধান সৌধে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন কোহলিরা। অধিনায়ক রজত পাতিদারকে সম্মান জানান মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া। তাঁকে উত্তরীয় পরিয়ে দেন মুখ্যমন্ত্রী। এরপরেই সম্মান জানানো হয় কোহলিকে। তাঁকেও পরানো হয় উত্তরীয়, পাগড়ি এবং মালা।

মাঠের বাইরে যখন চরম বিশৃঙ্খলায় পদপিষ্ট হয়ে প্রয়াত হচ্ছেন সমর্থকরা, তখন মাঠের ভিতরে উৎসবের আমেজ। চিন্নাস্বামীতে ট্রফি হাতে যখন রজত ঢোকেন, তখন আগে থেকেই তাঁর জন্য অপেক্ষা করছিলেন বিরাটরা। আরসিবি-র অধিনায়ককে মাঠে ডেকে নেন কোহলি। তারপর ট্রফি হাতে চিন্নাস্বামী প্রদক্ষিণ করে পুরো আরসিবি দল। মাঠে তখন গান বাজছে।

# আইপিএলের বিরাট জয়ের প্রেক্ষাপট তৈরি ছিল আগেই

**নিজস্ব প্রতিবেদন:** ১৮ বছরের দীর্ঘ প্রতীক্ষা শেষে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু অবশেষে আইপিএলের মঞ্চে চ্যাম্পিয়ন হল। বরাবর জয় অধরাই থেকেছে এই দলের জন্য। কিন্তু ২০২৫ আইপিএলে আরসিবি যে পারফরম্যান্স দেখাল, তা শুধুই একটি শিরোপা জয় নয়; এটি ছিল দলগত ঐক্য, বুদ্ধিদীপ্ত পরিকল্পনা ও আবেগের এক বিস্ফোরণ।

**কোহলির অধিনায়কত্বহীন নেতৃত্ব ও অভিজ্ঞতা**

যদিও বিরাট কোহলি এবারের আইপিএলে অধিনায়ক ছিলেন না, তবুও মাঠ ও ডাগআউটে তার নেতৃত্বের ছাপ স্পষ্ট ছিল। ম্যাচের কঠিন মুহূর্তে তার অভিজ্ঞতা এবং শরীরী ভাষা দলের তরুণদের আত্মবিশ্বাস জুগিয়েছে। সর্বোপরি, টপ অর্ডারে তার ধারাবাহিক রান করা দলের ভিত গড়ে দেয়।

**দুর্দান্ত মিডল অর্ডার ও ফিনিশারদের অবদান**

আরসিবি-র আগের মরশুমগুলিতে এক বড় দুর্বলতা ছিল মিডল অর্ডার। এবার সেই ছবি সম্পূর্ণ বদলে যায়।

**টিম ম্যানেজমেন্টের সাহসী সিদ্ধান্ত**

আরসিবি টিম ম্যানেজমেন্ট এবার ব্যতিক্রমী কিছু সিদ্ধান্ত নিয়েছিল। তরুণ প্রতিভাদের সুযোগ দেওয়া, বিদেশি প্লেয়ারদের রোটেশন নীতি, এবং ম্যাচ অনুযায়ী স্ট্র্যাটেজি বদলের সাহসিকতা দলের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করেছে।

**মেন্টাল রেজিলিয়েন্স ও দলের মধ্যে 'এক পরিবার' ভাব**

আরসিবি-র এই জয় কেবল ক্রিকেটীয় পারফরম্যান্সের নয়, মানসিক দৃঢ়তারও পরিচায়ক। এক সময় প্লে-অফে ওঠার সম্ভাবনা ক্ষীণ হয়ে পড়েছিল, কিন্তু দল হাল ছাড়েনি।



একে অপরকে সমর্থন করা, ভক্তদের সঙ্গে সংযোগ বজায় রাখা এবং চাপের মধ্যে একযোগে লড়াই করা; এই গুণগুলিই চ্যাম্পিয়ন বানিয়েছে বেঙ্গালুরুকে।

আরসিবি-র এই জয় কেবল ট্রফি নয়, এটি হাজার হাজার ভক্তের আবেগ, দীর্ঘদিনের অপেক্ষা এবং একটি সংস্কৃতির জয়। আইপিএল ২০২৫-এর ইতিহাসে এই জয় এক মাইলফলক হয়ে থাকবে, কারণ এটি শুধুই খেলোয়াড়দের নয়, এক গোটা প্রজন্মের স্বপ্নপূরণ। ভবিষ্যতে এই দল কীভাবে তাদের পারফরম্যান্স বজায় রাখে, সেটাই দেখার বিষয়।

## মহিলা এশিয়া কাপ ২০২৫

# থাইল্যান্ডের বিরুদ্ধে অভিযান শুরু করবে ভারত



**নয়াদিল্লি, ৪ জুন: বুধবার হকি ইন্ডিয়া ঘোষণা করেছে যে ভারতীয় মহিলা হকি দল ৫ সেপ্টেম্বর থাইল্যান্ডের বিরুদ্ধে তাদের এশিয়া কাপ অভিযান শুরু করবে এবং তারপরে তারা বর্তমান চ্যাম্পিয়ন জাপান এবং সিঙ্গাপুরের মুখোমুখি হবে।**

**পূর্ববর্তী সংস্করণে ব্রোঞ্জ পদক জয়ী ভারতীয় দল পুল বি তে জাপান, থাইল্যান্ড এবং সিঙ্গাপুরের সাথে রয়েছে এবং পুল এ তে রয়েছে স্বাগতিক চীন, কোরিয়া, মালয়েশিয়া এবং চাইনিজ তাইপে।**

**এই টুর্নামেন্টটি ৫ থেকে ১৪ সেপ্টেম্বর চীনের হাংঝুতে অনুষ্ঠিত হবে এবং বিজয়ী দল সরাসরি ২০২৬ বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করবে।**

**ভারতের দ্বিতীয় ম্যাচ ৬ সেপ্টেম্বর জাপানের বিরুদ্ধে, এরপর ৮ সেপ্টেম্বর সিঙ্গাপুরের বিরুদ্ধে পুল বি-তে তাদের শেষ ম্যাচ। ২০১৭ সালে ভারত এশিয়া কাপ জিতেছিল, ফাইনালে চীনকে হারিয়ে।**

# আইপিএল ২০২৫ অরেঞ্জ ক্যাপ জিতলেন সাই সুদর্শন, সর্বকনিষ্ঠ খেলোয়াড় হিসেবে কৃতিত্ব অর্জন

**কলকাতা, ৪ জুন:** মঙ্গলবার ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ ২০২৫ মরসুমে সর্বাধিক রান করার জন্য গুজরাট টাইটানসের ব্যাটসম্যান সাই সুদর্শন অরেঞ্জ ক্যাপ পুরস্কার জিতেছেন।

২৩ বছর ২৩১ দিন বয়সে, সুদর্শন তার সতীর্থ শুভমান গিলকে ছাড়িয়ে এই সম্মান অর্জনকারী সর্বকনিষ্ঠ খেলোয়াড় হলেন। ২০২৩ সালে যখন গিল পুরস্কারটি দাবি করেছিলেন তখন তার বয়স ছিল ২৩ বছর ২৬৩ দিন।

সুদর্শন তার অভিযান শেষ করেন ১৫ ইনিংসে ৭৫৯ রান দিয়ে। তিনি ৫৪.২১ গড়ে রান করেন এবং একটি সেঞ্চুরি এবং ছয়টি অর্ধশতক হাঁকান। এই মরশুমে টানা তৃতীয় বছর কোনও ভারতীয় ব্যাটসম্যান এই সম্মান জিতলেন। বিরাট কোহলি ২০২৪ সালে ৭৪১ রান করে অরেঞ্জ ক্যাপ জিতেছিলেন।



ফিফা আন্তর্জাতিক প্রীতি ম্যাচে ২-০ গোলে ব্লু টাইগার্সকে হারাল থাইল্যান্ড।


# এবার পার্পল ক্যাপ গুজরাট টাইটানসের প্রসিধ কৃষ্ণের

**কলকাতা, ৪ জুন:** গুজরাট টাইটানসের পেসার প্রসিধ কৃষ্ণ আইপিএল ২০২৫- এর পার্পল ক্যাপ খেতাব জিতেছেন, মরশুমের সর্বোচ্চ উইকেট শিকারী হয়ে তিনি এই পুরস্কার জিতলেন।

প্রসিদ্ধ ১৫টি ম্যাচে ২৫টি উইকেট নিয়েছেন, যার ইকোনমি ৮.২৭। মরসুমে তার সেরা বোলিং পরিসংখ্যান (৪/৪১) দিল্লি ক্যাপিটালসের বিপক্ষে।

টাইটানসের প্লে-অফ দৌড়ে ডানহাতি এই দ্রুতগতির খেলোয়াড়ের প্রচেষ্টা গুরুত্বপূর্ণ ছিল, যা এলিমিনেটরে মুম্বই ইন্ডিয়ানসের কাছে পরাজয়ে শেষ হয়েছিল।

চেন্নাই সুপার কিংসের নূর আহমেদ দ্বিতীয় স্থানে রয়েছেন।



বাঁ-হাতি এই রিস্ট স্পিনার ১৪ ম্যাচে ২৪ উইকেট নিয়েছেন, যার ইকোনমি ৮.১৬। রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর জশ হ্যাজেলউড ১২টি খেলায় ২২ উইকেট নিয়ে তালিকার তৃতীয় স্থানে রয়েছেন।



**২০২৫-২৬ কলকাতা ফুটবল লিগের আগে হাওড়ার শৈলেন মান্না স্টেডিয়ামে ইস্টবেঙ্গল দলের মরশুমের প্রথম প্রশিক্ষণ সেশনের ছবি।**

# ওয়েস্ট ইন্ডিজকে হোয়াইটওয়াশ করল ইংল্যান্ড

**ওভাল, ৪ জুন:** বৃষ্টির কারণে ইংল্যান্ড ও ওয়েস্ট ইন্ডিজের তৃতীয় ওয়ানডে ম্যাচটি নেমে আসে ৪০ ওভারে। ম্যাচে আগে ব্যাটিং করে নির্ধারিত ওভারে ৯ উইকেটে ২৫১ রান তোলে সফরকারীরা। তার জবাবটা দুর্দান্তভাবে দিয়েছে ইংল্যান্ড। ৩০ ওভারের মধ্যেই এই রান তুলে ফেলে তারা। বৃষ্টির ফলে ইংল্যান্ডের লক্ষ্য দাঁড়িয়েছিলো ২৪৬। যা ৭ উইকেট ও ৬২ বল হাতে রেখেই জয় তুলে নেয় স্বাগতিকরা। এর ফলে ওয়েস্ট ইন্ডিজকে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে হোয়াইটওয়াশ করলো তারা।

ওভালে টস জিতে ওয়েস্ট ইন্ডিজকে ব্যাটিংয়ে পাঠান ইংলিশ অধিনায়ক হ্যারি ব্রুক। ব্যাটিংয়ে শুরুটা ভালো হয়নি ওয়েস্ট ইন্ডিজের। ১০০ রানের মধ্যেই ৪ উইকেট হারায় তারা। এরপর দুই বলে দুই উইকেট হারিয়ে আরো বিপদে পড়ে সফরকারীরা। তখন ওয়েস্ট ইন্ডিজের স্কোর ১২১ রানে ৬ উইকেট। এই অবস্থায় দলকে এগিয়ে নিতে থাকেন রাদারফোর্ড। তবে তিনিও বেশিক্ষণ দলকে সাহায্য করতে পারেননি। দলীয় সর্বোচ্চ ৭১ বলে ৭০ রান করে তিনি আউট হন।




১৫৪ রানে ওয়েস্ট ইন্ডিজের সপ্তম উইকেট পড়ে। সেখান থেকে আলজারি জোসেফ(৪১) ও গুডাকেশ মোটি(৬৩) অষ্টম উইকেটে জুটি বেঁধে ৯১ রান তোলেন। এই দু'জনের সৌজন্যে সফরকারীরা ৯ উইকেটে ২৫১ রান করে।

ইংল্যান্ডের স্পিনার আদিল রশিদ ৪০ রান দিয়ে নেন ৩ উইকেট নেন। দুটি করে উইকেট পান সাকিব মাহমুদ, ব্রাইডন কার্স ও ম্যাথু পটস।

জবাবে শুরুতেই জয়ের ভিত গড়ে দেন জেমি স্মিথ। তার ২৫ বলে হাফ সেঞ্চুরির পর বেন ডাকেট ও জো রুট সময় নিয়ে দলকে এগিয়ে নিতে থাকেন। ডাকেট ৪৬ বলে ৫৮ রান করেন। ভাঙে দুজনের ৬২ রানের জুটি।

ব্রুককে বেশিক্ষণ সঙ্গ দিতে পারেননি জো রুট। ৪৯ বলে ৪৪ রান করে আউট হন তিনি। বাকি কাজটুকু সারেন ব্রুক ও বাটলার। দুজনের ৪৬ রানের অবিচ্ছিন্ন জুটিতে সহজ জয় পায় ইংল্যান্ড। ২৯.৪ ওভারে ৩ উইকেটে ২৪৬ রান করে তারা।

# আসরে মুখ্যমন্ত্রী, দেবাশিসকে ভোটে না দাঁড়ানোর পরামর্শ মমতার!

**নিজস্ব প্রতিবেদন:** ঢাকে কাঠি পড়ে গিয়েছে মোহনবাগান ক্লাবের নির্বাচনের। ভোটের দিন তারিখ ঘোষণা না হলেও মনোনয়নপত্র তোলা ও জমা দেওয়ার কাজ চলছে জোর গতিতে। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৯ জুন।

এবারের নির্বাচনে দুই প্রতিপক্ষ একসময়কার হরিহর আত্মা দেবাশিস দত্ত ও সৃঞ্জয় বসু । তবে এবারের নির্বাচন ঘিরে দুই শিবিরের মধ্যে উত্তেজনা তুঙ্গে। চলছে কাদা ছোড়াছুড়ি। যা শতাব্দী প্রাচীন ক্লাবের ক্ষেত্রে কোনও মতেই কাম্য নয়। এবার বাধ্য হয়েই এই উত্তেজনা থামাতে মাঠে নামলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

বাংলার মুখ্যমন্ত্রী আদতে একজন ক্রীড়াপ্রেমী। কলকাতার তিন প্রধানের যখনই কোনও সমস্যা হয়েছে তখনই বিপদতারণ মধুসূদন হয়ে পাশে দাঁড়িয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। মোহনবাগান ক্লাবের নির্বাচন ঘিরে এই বিতর্ক নাপসন্দ মুখ্যমন্ত্রীর। কারণ এই ক্লাবের সঙ্গে জড়িয়ে আছে অসংখ্য সমর্থকদের আবেগ ও ভালবাসা।

আসন্ন নির্বাচন নিয়ে যে কাদা ছোড়াছুড়ি চলছে তাতে মেরিনার্স সমর্থকরাই আহত হচ্ছেন। এত বিতর্ক চাইছেন না তাঁরাও। মুখ্যমন্ত্রী নিজেও চাইছেন না এই বিতর্ক। তাই মাঠে নামলেন ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস ও কুনাল ঘোষ।

জানা গিয়েছে, অরূপ বিশ্বাস ও কুনাল ঘোষ দেবাশিস দত্তের কাছে প্রস্তাব রেখেছেন নাম তুলে নেওয়ার জন্য। তাঁদের প্রস্তাব দুই পক্ষ মিটমাট করে নিক এবং সচিব ও সভাপতি পদ নিজেদের মধ্যে সমঝোতা করে ঠিক করে নিক। ভোটাভুটির দরকার নেই। মুখ্যমন্ত্রীর প্রস্তাব সৃঞ্জয়কে সচিব করা হোক।

এর আগে সৃঞ্জয় বোস মুখ্যমন্ত্রীর কথা মেনে ভোটের ময়দান থেকে সরে গিয়েছিলেন। এরপর সচিব হয়ে তিন বছর কাটিয়েছেন দেবাশিস। তাই এবারও দেবাশিসের সরে গিয়ে একটা সমঝোতায় আসা উচিত বলে মনে করছেন তিনি।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**